স্মরণ দ্বারা আমরা পবিত্রীকৃত হই. অপর প্রতি যাজক সেবা ও বারেং সেই বলিদানাদি যাহাতে পাপ কখন দূর করিতে পারা যায় না, তাহা উৎসর্গ করিতে প্রত্যহ দাঁড়াইয়া প্রবৃত্ত হয়; কিন্তু উনি পাপের কারণ এক বলিকে উৎসর্গ করিয়া ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে সদা-সর্ব্বক্ষণ বসিয়া আছেন; এবং তাঁহার অরি সকল যে পর্য্যন্ত তাঁহার পদের পীড়ি না করা যায়, সে পর্য্যন্ত অপেক্ষা করিয়া থাকেন. কেন-না যাহারা পবিত্র করা যায়, তাহারদিগকে তিনি এক নৈবেদ্যের দ্বারা নিঃশেষরূপে সিদ্ধ করিয়া দিয়াছেন, ইহাতে ধর্ম্মাত্মাও আমার-দিগকে প্রমাণ দেন সেই কথাতে যাহার পূর্ব্ব উক্তি এই, প্রভু কহিতে-ছেন যে সেই সময়ান্তরে তাহারদের সঙ্গে যে নিয়ম আমি করিব, তাহা এই, আমি আপন বিধান সকল তাহারদের মনে রাখিব, ও তাহারদের অন্তঃকরণে তাহা লিখিব, এবং তাহারদের পাপ ও অপরাধ সকল আমি স্মরণে আর রাখিব না. কিন্তু ইহার মোচন যেখানে হয়, সেখানে পাপার্থ বলিদান আর হয় না. অতএব, হে ভ্রাতৃরা, নূতন ও জীয়ন্ত পথ যে তিনি আমারদের কারণ কাণ্ডার অর্থাৎ আপন শরীরের দ্বারা স্থাপন করিয়াছেন, তাহা দিয়া য়িশুর রক্তের দ্বারা আমারদের পুণ্য স্থানেতে প্রবেশ করিবার মুক্ত গতি হওনে এবং ঈশ্বরের আলয়ের অধ্যক্ষ আমারদের এক মহাযাজক থাকনে, আইস আমারদের অন্তঃকরণ দোষ জ্ঞানহইতে ছিটান গেলে ও আমারদের দেহ সকল নির্ম্মল জলেতে ধৌত হইলে আমরা সত্য মনে ও নিষ্ঠাময় প্রত্যয়েতে সন্নিকটে যাই. আমরা দোলায়মান না হই-য়া আপনারদের ভরসার স্বীকার দৃঢ় মতে ধরিয়া রাখি; কেননা যিনি অঙ্গীকার করিলেন, তিনি বিশ্বাস্য; এবং আমরা পরস্পর প্রেম ও

সৎকর্ম্ম জন্মাইবার উদ্দ্যোইতে অন্যোন্যেরদের প্রতি বিবেচনা করি; ও কাহার ২ ব্যবহারের মত আমরা আপনারদের সভাকরণ যেন পরিত্যাগ না করি, কিন্তু আমরা অন্যোন্যেরদিগকে যেন চেতাইয়া দি, এবং যেমন তোমরা সেই দিবসের আগামী পৌঁছা সন্নিকট দেখিতেছ, তেমন আর অধিক মত তাহাতে প্রবৃত্ত হই.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৯, পদ ১.

তখন পীলাত য়িশুকে লইয়া তাঁহাকে কোড়া মারিল. পরে সেনাগণ কাঁটা গাছের একটা মুকুট বিনাইয়া তাঁহার মস্তকে দিল, এবং তাঁহাকে একটা বাগুনী বর্ণের রাজবস্ত্রে পরিধান করাইয়া বলিতে লাগিল, নমস্কার ২, য়িহুদীরদের রাজা; পরে তাঁহাকে চাপড় মারিল. তখন পীলাত পুনশ্চ বাহিরে যাইয়া তাহারদিগকে কহিলেন, ইহার দোষ আমি কিছু পাই না, তোমারদের এই জানিবার কারণ, দেখ, আমি তাহাকে তোমারদের নিকটে বাহিরে আনিয়া দি. তখন য়িশু সে কাঁটার মুকুট এবং বাগুনী বর্ণের রাজবস্ত্রে আচ্ছাদিত হইয়া বাহিরে আইলেন. তখন পীলাত বলিলেন, মনুষ্যটার প্রতি দৃষ্টি কর. অতএব প্রধান যাজকেরা এবং পদাতিকেরা তাঁহাকে দেখিয়া চেঁচাইতে লাগিল,, যে ক্রুশে চড়াও, ক্রুশে চড়াও. পীলাত তাহারদিগকে কহিলেন, তোমরা তাহাকে লইয়া ক্রুশে চড়াও; কেননা আমি তাহার কিছু দোষ পাই না. য়িহুদীরা তাঁহাকে উত্তর দিল, আমারদের এক ব্যবস্থা আছে, এবং আমারদের ব্যবস্থানুক্রমে তাহার মরণ কর্ত্তব্য; কেননা সে আপনাকে ঈশ্বরের পুত্র করিয়া মানে. অতএব পীলাত যখন এ কথা শুনিলেন, তখন তাঁহার অধিক ত্রাস হইল.

এবং বিচারদালানে পুনর্ব্বার যাইয়া য়িশুকে কহিলেন, তুমি কোথা-হইতে হইয়াছ? কিন্তু য়িশু তাঁহাকে কিছু উত্তর দিলেন না. তখন পীলাত তাঁহাকে বলিলেন, কি আমাকে তুমি কথা বল না? তুমি কি জানহ না, যে তোমাকে ক্রুশ দিতে আমার শক্তি আছে, এবং তোমাকে মুক্তি দিতেও আমার শক্তি আছে? য়িশু উত্তর করিলেন, তোমাকে উপরহইতে দেওয়া না গেলে আমার প্রতি তোমার কিছু সাধ্য হইতে পারিত না; অতএব যে আমাকে তোমার স্থানে সমর্পণ করিল, তাহার পাপ অধিক আছে. তখন সেইক্ষণহইতে পীলাত তাঁহাকে মুক্ত করিতে অনুসন্ধান করিল; কিন্তু য়িহুদীরা চেঁচাইয়া বলিল, তুমি যদি এই মনুষ্যকে ছাড়িয়া দেও, তবে তুমি কাইসরের অন্তরঙ্গ নহ; যে কেহ আপনাকে রাজা করিয়া বলে, সে কাইসরের বহিরঙ্গভাবে বলে. অতএব যখন পীলাত সে কথা শুনিলেন, তখন তিনি য়িশুকে বাহিরে আনিয়া পাতরবান্ধা নামে এক স্থান যাহা এব্রী ভাষাতে গব্বতা বলা যায়, সে স্থানে বিচার আসনে বসিলেন. সেই সময় পেসাখের আয়োজন দিবস দুই প্রহরের বেলায়; তখন তিনি য়িহুদীরদিগকে বলিলেন, দেখ, তোমারদের রাজা. কিন্তু তাহারা চীৎকার করিয়া বলিল, দূর কর, দূর কর, তাহাকে ক্রুশ দেও. পীলাত তাহারদিগকে কহিলেন, আমি কি তোমারদের রাজাকে ক্রুশ দিব? প্রধান যাজকেরা উত্তর দিল, কাইসর ব্যতিরেক আমার-দের রাজা নাই. তখন তিনি তাঁহাকে ক্রুশে চড়াইতে তাহারদের স্থানে সমর্পণ করিলেন; এবং তাহারা য়িশুকে ধরিয়া লইয়া গেল. পরে তিনি আপন ক্রুশ বহিয়া মাথাখুলী স্থল নামে এক স্থানে যাইয়া উত্তরিলেন, কিন্তু এব্রী ভাষাতে তাহাকে গল্‌গতা বলে. সে-

খানে তাহারা আর দুই জনের সহিত তাঁহাকে ক্রুশে চড়াইল, একং পার্শ্বে একং জনকে, এবং য়িশুকে মধ্যেখানে. পরে পীলাত একটা পদবী লিখিয়া ক্রুশের উপর লাগাইয়া দিলেন; সেই লেখা এই, য়িশু নাজরেণ য়িহুদীরদের রাজা. তখন ঐ পদবী অনেক য়িহুদী পাঠ করিল; কেননা য়িশুর ক্রুশ হওয়া স্থান নগরের নিকটে ছিল, এবং তাহা এব্রী ও য়ুনানী ও লাটিন ভাষাতে রচিত ছিল. তখন য়িহুদীরদের প্রধান যাজকগণ পীলাতকে কহিলেন, যে য়িহুদীরদের রাজা করিয়া না লিখুন, কিন্তু যে সেই বলিল, আমি য়িহুদীরদের রাজা. পীলাত উত্তর দিলেন, যাহা লিখিয়াছি, তাহা লিখিয়াছি. তখন সেনাগণ য়িশুকে ক্রুশ দিয়া তাঁহার বস্ত্র চারি ভাগ করিল, একং সৈন্যকে একং ভাগ, এবং তাঁহার জামাও লইল; কিন্তু সে জামা অযোড় ছিল উপরহইতে সমুদায় বিনান. অতএব তাহারা পরস্পর কহিল, তাহা আমরা চিরিও না; কিন্তু কাহার হইবে, তাহার জন্যে গুলিবাঁট করি; ইহাতে সে কথা যেন পূর্ণ হয় যে গ্রন্থে লেখা আছে, আমার পরিচ্ছদ তাহারা আপনারদের মধ্যে বাঁটিয়া লইল এবং আমার জামার নিমিত্তে গুলিবাঁট করিল. অতএব সেনাগণ এসকল করিল. এথা য়িশুর ক্রুশের নিকটে তাঁহার মাতা এবং মাসী ও মারিয়া ক্লেওপার স্ত্রী ও মারিয়া মাগ্দালেন দাঁড়াইয়াছিল. অতএব য়িশু আপন মাতা এবং তাঁহার প্রিয় শিষ্যকে সন্নিকটে দাঁড়াইতে দেখিয়া তিনি কহিলেন, হে মাইয়ে, তোমার পুত্রকে দেখ. পরে সে শিষ্যকে কহিলেন, তোমার মাতাকে দেখ; এবং সেই ক্ষণহইতে সেই শিষ্য তাহাকে আপন ঘরে লইল. ততঃপরে য়িশু সকল কর্ম্ম সমাপ্ত জানিয়া, গ্রন্থ কথা যেন পূর্ণ হয়, তিনি বলিলেন, আমি

তৃষিত আছি. সেই খানে সিৰ্কাতে পূর্ণ একটা বাটী ছিল. অত-এব তাহারা সে সিৰ্কা দিয়া একটা স্পঞ্জ পুরাইয়া তাহা এসোবের উপর বান্ধিয়া তাঁহার মুখাগ্রে রাখিয়া দিল. যখন যিশু সে সিৰ্কা লইলেন, তখন তিনি কহিলেন, সমাপ্ত হইল, এবং মাথা নোঁয়া-ইয়া প্রাণত্যাগ করিলেন. তখন আয়োজন সময় হওয়াতে দেহ যেন বিশ্রামবারে ক্রূশের উপর না থাকে, (কেননা সেই বিশ্রামবার এক বড় দিন ছিল;) এই নিমিত্তে যিহুদীরা পীলাতের স্থানে যাচ্ঞা করিল, যে তাহারদের পা সকল ভঙ্গ করিয়া তাহারদিগকে স্থানান্তরে লইয়া যাইতে আজ্ঞা হয়. তখন সেনাগণ আসিয়া প্রথমের পা ভা-ঙ্গিল, পরে অন্য জন যে তাঁহার সহিত ক্রূশেতে চড়ান গেল, তাহারও. কিন্তু যিশুর স্থানে আসিয়া তাঁহাকে তখনি মৃত্যুপ্রাপ্ত দেখিয়া তাঁহার পা ভাঙ্গিল না; কিন্তু এক জন সেনা তাঁহার কুক্ষিদেশ শূলেতে বিন্ধিল; তাহাতে রক্ত ও জল বাহিরাইল. এবং তাহা যে দেখিল, সে সাক্ষী দিল, ও তাহার সাক্ষী সত্য, এবং সে জানে যে আপনি সত্য কহিতেছে, তাহাতে তোমারদের বিশ্বাস যেন হয়. কেননা এ সকল হইল যেন গ্রন্থ কথা পূর্ণ হয়, যে তাহার একখান অস্থি ভগ্ন হইবে না. পুনশ্চ আর এক গ্রন্থ বলে, যাহাকে তাহারা বিন্ধিল, তাঁহার উপর তাহারা অবলোকন করিবে.

পেসাখ্ পর্ব্বর পূর্ব্ব শনিবার.

প্রার্থনা.

হে প্রভো, তোমার ধন্য পুত্র আমারদের ত্রাণকর্ত্তা যিশু খ্রীষ্টের মৃত্যুতে আমরা যাদৃশ বাপ্টাইজিত ছিলাম, তাদৃশ যে আমরা আপ-

নারদের দুষ্ট কামাভিলাষ সকল নিত্য ২ দমন করিয়া তাঁহার সহিত গাড়া যাইয়া কবর ও মরণের দ্বার দিয়া আপনারদের সুখদায়ক পুনরুত্থানে উত্তীর্ণ হইতে পারি, ইহা প্রদান করহ. তোমার পুত্র আমারদের প্রভু য়িশু খ্রীষ্ট, যিনি আমারদের হিতার্থে মরিয়া গাড়া গিয়া পুনরায় উঠিলেন, তাঁহার পুণ্যের নিমিত্তে এই যাচ্ঞা পূর্ণ করহ. আমেন.

পত্র. ১ পিতর. পর্ব্ব ৩, পদ ১৭.

যদি ঈশ্বরেচ্ছা হয়, তবে কুকর্ম্মের জন্যে দুঃখ ভুঞ্জাহইতে সৎকর্ম্মের কারণ দুঃখ ভোগ করা ভাল. কেননা খ্রীষ্টও পাপের হেতু যাথার্থিক অযাথার্থিকেরদের কারণ একবার দুঃখ ভোগ করিলেন, যেন তিনি আমারদিগকে ঈশ্বরের নিকট পাওয়ান. তিনি শরীরেতে মারা গেলেন, কিন্তু আত্মাতে সজীব হইলেন, যাহার দ্বারা তিনি যাইয়া বন্দিয়ান আত্মারদিগকে উপদেশ দিলেন, যাহারা অনেক কাল পূর্ব্বে অনাজ্ঞাবহ ছিল, যখন ঈশ্বরের চিরসহিষ্ণুতা নোহের সময়ে তাহারদের অপেক্ষায় থাকিতেছিল, অর্থাৎ যাবৎ সেই ভেলাঘর প্রস্তুত করা যাইতেছিল যাহাতে অল্প অর্থাৎ অষ্ট প্রাণী জলেতে তরিয়া গেল. এবং তাহার প্রতিনিদর্শন অর্থাৎ বাপ্‌টিস্ম সম্প্রতি আমারদিগকে ত্রাণ করিতেছে, (তথাচ শরীরের মলা ছাড়াইয়া ফেলান, তাহা নয়, কিন্তু ঈশ্বরের প্রতি নির্দ্দোষিত জ্ঞানের প্রত্যুত্তর দেওয়া,) য়িশু খ্রীষ্টের পুনরুত্থান হওয়ার দ্বারা যিনি স্বর্গে গিয়া দূতগণ ও শাসনপদ ও মহিম পদাদির উপর অধিকার পাইয়া ঈশ্বরের দক্ষিণ দিকে বর্ত্তমান আছেন.

মঙ্গলসমাচার. মাতিউ. পর্ব্ব ২৭, পদ ৫৭.

সন্ধ্যাকাল উপস্থিত হইলে য়োসেফ্ নামে আরিমাতেয়ার এক ধন-
বান লোক আইল; সে আপনি য়িশুর শিষ্যও ছিল. সেই পীলাতের
নিকটে গিয়া য়িশুর দেহ চাহিল. তখন পীলাত তাঁহার দেহ সমর্পণ
করিতে আজ্ঞা দিলেন. এবং য়োসেফ্ দেহ পাইলে পরে তাহাকে
নির্ম্মল কাপড়ে জড়াইল, ও আপন নূতন কবর যে সেই পাষাণ পর্ব্বতে
খনন করিয়াছিল, তাহাতে শোয়াইয়া দিল; পরে কবরস্থানের দ্বারে
এক মহা পাথর গড়াইয়া দিয়া সে পুস্থান করিল. এবং সেখানে
মারিয়া মাগ্দালেন ও অন্য মারিয়া কবরস্থানের সম্মুখে বসিল. অন-
ন্তর আয়োজন দিবসের পর দিবসে পুধান যাজকেরা ও ফারসীরা পী-
লাতের নিকটে একত্র আসিয়া কহিল, মহাশয়, আমারদের স্মরণে
পড়িল যে ও পুবঞ্চক আপন জীবৎকালে কহিয়াছিল, যে তিন দিন
পরে আমি পুনর্ব্বার উঠিব. অতএব তৃতীয় দিবস পর্য্যন্ত কবরস্থান
সুরক্ষিত হইতে আজ্ঞা করুন, পাছে তাহার শিষ্যগণ রাত্রি সময়ে
আসিয়া তাহাকে হরণ করিয়া লইয়া যায়, এবং লোকরদিগকে বলে,
যে ও মৃত্যুহইতে উঠিয়াছে, তাহাতে পুথম ভ্রান্তিহইতে শেষ ভ্রান্তি
মন্দ হইবে. পীলাত তাহারদিগকে কহিলেন, তোমারদের স্থানে
পুহরী যটা আছে; চলিয়া যাও, তাহা আপনারদের যথাসাধ্যে রক্ষা
কর গিয়া. অতএব তাহারা যাইয়া পাথরে মোহর দিয়া পুহরিবর্গ
রাখিয়া কবরস্থান রক্ষা করিল.

পেসাখ্ পর্ব্ব,

অর্থাৎ

খ্রীষ্টের পুনরুত্থানের স্মরণার্থ দিবস.

(প্রাতঃকালে আরাধনা করণ সময়ে পঞ্চানব্বই গীতের বদলে, যাহা পশ্চাৎ লেখা আছে, তাহা পড়া যাইবে.)

আমারদের পেসাখ্ আমারদের কারণ বলীকৃত আছেন, সেই খ্রীষ্ট; অতএব আমরা পর্ব্ব পালন করি,

কিন্তু পুরাতন খমীর কিম্বা দ্বেষ ও দুষ্টতার খমীরেতে তাহা পালন না করিয়া সারল্য ও সত্যরূপ অখমীরী রুটীতে তাহা পালন করি. ১ করিন্থী. পর্ব্ব ৫, পদ ৭, ৮.

খ্রীষ্ট মৃত্যুহইতে উত্থিত হইয়া আরবার মরেন না; তাঁহার উপর মৃত্যুর অধিকার আর হয় না.

কেননা যখন মরিলেন, তিনি একবার পাপের প্রতি মরিলেন, এবং জীবন্ত হইয়া তিনি ঈশ্বরের প্রতি জীতেছেন;

তত্তুল্য তোমরাও পাপের প্রতি মৃত এবং আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা ঈশ্বরের প্রতি জীবন্ত আপনারদিগকে জ্ঞান করিও. রুমী. পর্ব্ব ৬, পদ ৯-১১.

খ্রীষ্ট মৃত্যুহইতে উঠিয়াছেন, এবং যাহারা নিদ্রিত, তাহারদের প্রথম ফল তিনি হইয়াছেন.

কেননা যেমন মনুষ্যহইতে মৃত্যু, তেমন মনুষ্যহইতে মৃত লোকেরদের পুনরুত্থান হয়;

কেননা যাদৃশ আদমে সকলি মরে, তাদৃশ খ্রীষ্টেতে সকলি সজীব করা যাইবে. ১ করিন্থী. পর্ব্ব ১৫, পদ ২০-২২.

পিতা ও পুত্র ও ধর্ম্মাত্মার সম্মান ও গৌরব হউক;

যেমন আদিকালে হইল, এবং এখন হইতেছে, এবং তাহি সর্ব্বক্ষণে হইবেক. আমেন.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন অদ্বিতীয় পুত্র যিশু খ্রীষ্টের দ্বারা মৃত্যুকে পরাভব করিয়া অনন্ত জীবনের দ্বার আমারদের কারণ খুলিয়া দিয়াছ; এতদর্থে আমরা নম্রুরূপে তোমাকে বিনতি করিতেছি, যে যেমত আমারদের সুকর্ম্ম কিম্বা সুচিন্তা করিতে সমর্থ হইবার পূর্ব্বে তুমি আপন বৈশেষিক অনুগ্রহ দিয়া আমারদের মনের মধ্যে ভাল বাসনা জন্মাইতেছ, সেই মত তুমি আমারদিগের নিত্য২ সাহায্য করিবাতে যেন আমরা উত্তম রূপে সেই মনস্থ সাধি, ইহা আমারদের প্রভু যিশু খ্রীষ্ট যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে একীভূত ঈশ্বর হইয়া সদা-সর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. কলশী. পর্ব্ব ৩, পদ ১.

যদি তোমরা খ্রীষ্টের সহিত উত্থিত হইয়াছ, তবে যে বস্তু উর্দ্ধে-তে আছে যেখানে খ্রীষ্ট ঈশ্বরের দক্ষিণ পার্শ্বে বসিয়া আছেন, তাহার অনুসন্ধান করহ, ঊর্দ্ধস্থিত বস্তুর প্রতি মনোযোগ করহ, পৃথিবীস্থ বস্তুর প্রতি নহে. কেননা তোমরা মৃত হইলা, এবং তোমারদের জীবন খ্রীষ্টের সহিত ঈশ্বরেতে গুপ্ত আছে. যখন খ্রীষ্ট আমারদের জীবন প্রকাশিত হইবেন, তখন তোমরাও তাঁহার সহিত মোক্ষেতে

প্রকাশিত হইবা. অতএব তোমারদের পৃথিবীস্থ ইন্দ্রিয়াদি সকল দমন করিয়া রাখ, ইহার মধ্যে বেশ্যাগমন অশুচিক্রিয়া অতিবাদস্নেহ কুলোভ এবং লালসা যে দেবপূজাবৎ আছে, যাহার নিমিত্তে ঈশ্বরের কোপানল অনাজ্ঞাবহ সন্তানেরদের উপর আসিয়া পড়ে; যাহারদের মধ্যে তোমরাও এক সময়ে গতি করিলা, যখন তাহারদের মধ্যে তোমারদের অবস্থিতি ছিল.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ২০, পদ ১.

সপ্তাহের প্রথম দিবসে অতি ভোরে অন্ধকার থাকিতে২ মারিয়া মাগ্দালেন কবরের নিকটে আসিয়া দেখিল, যে কবরহইতে প্রস্তর তোলা গিয়াছিল. তখন সে দৌড়িয়া শীমোন পিতর এবং অন্য শিষ্য যে খ্রিস্তের প্রিয় ছিল ইহারদের নিকটে আসিয়া কহিল, তাহারা প্রভুকে কবরহইতে লইয়া গিয়াছে, এবং কোথায় তাঁহাকে রাখিয়াছে, ইহা আমরা জানি না; অতএব পিতর এবং সে অন্য শিষ্য বাহির হইয়া কবরস্থানে গেল. ইহাতে দুই জন দৌড়া দৌড়ি করিলে অন্য শিষ্য পিতরকে পশ্চাৎ রাখিয়া প্রথমে কবরে পৌঁছিল. তখন সে শরীর নোঁয়াইয়া কাপড়গুলা সাক্ষাৎ দেখিল; কিন্তু ভিতরে গেল না. তৎপরে শীমোন পিতর তাহার পশ্চাৎ আসিয়া কবরে প্রবেশ করিল, এবং কাপড় সকল সম্মুখে দেখিল, কিন্তু গামছাখান যে তাঁহার মাথায় বেষ্টিত ছিল, তাহা কাপড়ের সহিত নহে, কিন্তু অন্য স্থানে লোটাইয়া পৃথক পড়িয়াছিল. তখন সে অন্য শিষ্য যে কবরের নিকটে প্রথম পৌঁছিল, সেও প্রবেশ করিল, এবং দেখিয়া বিশ্বাস করিল. কেননা সে পর্য্যন্ত তাহারা গ্রন্থের কথা জানিল না, যে

তাঁহার মৃত্যুহইতে পুনরুত্থান হওনের আবশ্যক ছিল. তখন শিষ্যেরা পুনশ্চ আপন ২ ঘরে গেল.

পেসাখ্ পর্ব্বের পর সোমবার.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন অদ্বিতীয় পুত্র য়িশু খ্রীষ্টের দ্বারা মৃত্যুকে পরাভব করিয়া অনন্ত জীবনের দ্বার আমারদের কারণ খুলিয়া দিয়াছ; এতদর্থে আমরা নম্রুরূপে তোমাকে বিনতি করিতেছি, যে যেমত আমারদের সুকর্ম্ম কিম্বা সুচিন্তা করিতে সমর্থ হইবার পূর্ব্বে তুমি আপন বৈশেষিক অনুগ্রহ দিয়া আমারদের মনের মধ্যে ভাল বাসনা জন্মাইতেছ, সেইমত তুমি আমারদিগের নিত্য২ সাহায্য করিবাতে যেন আমরা উত্তম রূপে সেই মনস্থ সাধি, ইহা আমারদের প্রভু য়িশু খ্রীষ্ট যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে একীভূত ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. ক্রিয়া. পর্ব্ব ১০, পদ ৩৪.

পিতর মুখ খুলিয়া কহিতে লাগিল, আমি নিশ্চয় জানি যে ঈশ্বর তিনি প্রাণিরদের ভিন্নভাব করেন না, কিন্তু সকল দেশে যে জন তাঁহাকে ভয় করে এবং সত্যাচার করে, সে তাঁহার স্থানে গ্রাহ্য হয়; এই কথা তিনি য়িশু খ্রীষ্ট যিনি সকলের প্রভু তাঁহার দ্বারা শান্তির প্রচার করিয়া য়িশ্রাএলের সন্তানেরদের নিকট প্রেরণ করিলেন. য়োহন যে বাপ্তিস্ম প্রচার করিলেন তাহার পরে যে কথার জনরব গালিলিহইতে আরম্ভ হইয়া য়িহুদা দেশ সমুদায়ে ব্যাপ্ত হইল, তাহা তোমরা

জান, যে ঈশ্বর কিরূপে য়িশু নাজরেণীকে ধর্ম্মাত্মাতে ও শক্তিতে অভিষেক করিলেন, ও যে তিনি হিতকর্ম্ম করিতে এবং শয়তানের মর্দ্দিত সকলেরদিগকে স্বাস্থ্য দিতে ভ্রমণ করিলেন; কেননা ঈশ্বর তাঁহার সঙ্গে ছিলেন. এবং তিনি য়িহুদীরদের দেশে ও য়িরোশলমের মধ্যে যে সকল ক্রিয়া করিলেন, তাহার সাক্ষী আমরা আছি. তাহারা বৃক্ষে তাঁহাকে টাঙ্গাইয়া বধ করিল. সেই ব্যক্তিকে ঈশ্বর তৃতীয় দিবসে উঠাইয়া প্রকাশ্যমান দেখাইয়া দিলেন, সকল লোকের স্থানে নহে, কিন্তু ঈশ্বরের পূর্ব্ব নিযোজিত সাক্ষিরদের স্থানে; আমরাই সে যে তাঁহার মৃত্যুহইতে উত্থান পরে তাঁহার সহিত ভোজন পান করিলাম; এবং সেই তিনি যিনি ঈশ্বরহইতে নিযুক্ত হইয়া জীবিত ও মৃত লোকেরদের বিচারকর্ত্তা হইয়াছেন, এই কথা লোকেরদের মধ্যে প্রচার করিতে ও তাহার প্রমাণ দিতে তিনি আমারদিগকে আজ্ঞা দিলেন. তাঁহার প্রতি সকল ভবিষ্যদ্বক্তৃগণ প্রমাণ দেয় যে তাঁহার নাম দিয়া যে সকল তাঁহাতে বিশ্বাস করে সে পাপের মোচন পাইবে.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ২৪, পদ ১৩.

দেখ, তাহারদের দুই জন সেই দিবসে এম্মাউস্ নামে এক গ্রামে যাইতেছিল; সে য়িরোশলমহইতে ক্রোশ চারেক অন্তর; এবং যে সকল ঘটিয়াছিল, তাহার বিষয়ে তাহারা পরস্পর আলাপ করিতেছিল. এবং তাহারা কথোপকথন ও বিচার বিবেচনা করিতে ২ য়িশু আপনি নিকটে আসিয়া তাহারদের সঙ্গে চলিলেন. কিন্তু তাহারদের চক্ষু রুদ্ধ হইল, যেন তাঁহাকে তাহারা চিনিতে

পারিল না. পরে তিনি তাহারদিগকে কহিলেন, এ কি প্রকার আলাপ তোমরা চলিতে২ বিষাদ হইয়া অন্যোন্যে করহ? তাহারদের এক জন যাহার নাম ক্লেয়োপাশ্ সে তাঁহাকে উত্তর করিয়া কহিল, তুমি নাকি য়িরোশলমে বিদেশি মাত্র, যে এই সময়ে যে সকল ঘটনা সেখানে হইয়াছে, তাহার বৃত্তান্ত তুমি জ্ঞাত হও নাই? তিনি তাহারদিগকে কহিলেন, কি ঘটনা? তাহারা বলিল, য়িশু নাজরেণের বিষয় যিনি ঈশ্বরের ও লোক সকলের সাক্ষাতে কর্ম্মেতে ও বাক্যেতে মহৎ এক ভবিষ্যদ্বক্তা ছিলেন, এবং প্রধান যাজকেরা ও আমারদের অধ্যক্ষেরা কেমনে তাঁহাকে মৃত্যুর দণ্ডে সমর্পণ করিয়া ক্রূশে দিয়াছে. কিন্তু আমরা ভরসা করিয়াছিলাম যে তিনি সেই ব্যক্তি বটেন যে য়িশ্রাএল্কে মুক্ত করিয়া দিবেন, এবং এ সকল ছাড়া এ কর্ম্মের ঘটনার পরে তৃতীয় দিবস এই. অপর আমারদের সমিভ্যারিরদের মধ্যে কতেক স্ত্রীলোক যে প্রত্যূষে কবরের নিকটে উপস্থিত ছিল, সে আমারদের অসম্ভব জ্ঞান জন্মাইল. কেননা তাঁহার দেহের উদ্দেশ না পাইয়া তাহারা আসিয়া কহিল, যে আমরা স্বর্গদূতের দর্শন পাইয়াছি, ও সে কহিল, যে তিনি জীবন্ত আছেন. এবং কেহ২ যে আমারদের সঙ্গে ছিল তাহারাও কবরস্থানে গিয়া, স্ত্রীলোক যেমন কহিয়াছিল, সেই সকল সত্যই পাইল; কিন্তু তাঁহাকে তাহারা দেখিল না. তখন তিনি তাহারদিগকে কহিলেন, রে অবোধ ও ভবিষ্যদ্বক্তৃগণের উক্ত বাণী সকল প্রত্যয় করিতে অপ্রস্তুত মতিরা! খ্রীষ্টের এ সকল দুঃখ ভোগ পাওয়া এবং আপন বৈভবে তাঁহার প্রবেশ করা কি আবশ্যক ছিল না? পরে তিনি মোশেহইতে আরম্ভ করিয়া ভবিষ্যদ্বক্তৃগণাবধি

যাবত্তায় গ্রন্থে আপনার বিষয়ের কথা প্রভেদ করিয়া তাহারদিগকে বুঝাইয়া দিলেন. পরে যে গ্রামে তাহারা যাইতেছিল, তাহার নিকটে তাহারা পৌঁছিতে লাগিল; এবং তিনি আপনি অগ্রে যাইবার প্রকার দেখাইলেন. কিন্তু তাহারা তাঁহাকে নিতান্ত রূপে বারণ করিয়া কহিলেক, যে আমারদের সঙ্গে থাক; কেননা সন্ধ্যাকাল হইল, এবং দিবস প্রায় গত হইয়াছে. অতএব তিনি তাহারদের সঙ্গে থাকিতে প্রবেশ করিলেন. পরে তাহারদের সহিত ভোজনে বসিয়া থাকিতে২ তিনি রুটী লইলেন ও আশীর্ব্বাদ করিলেন এবং ভাঙ্গিয়া তাহারদিগকে দিলেন. পরে তাহারদের চক্ষু খুলিয়া গেল, ও তাহারা তাঁহাকে চিনিল. এবং তিনি তাহারদের সাক্ষাৎহইতে অন্তর্ধ্যান হইলেন. তখন তাহারা পরস্পর কহিতে লাগিল, দেখ, তিনি আমারদের সহিত যাবৎ পথের মধ্যে কথোপকথন করিতেছিলেন, এবং গ্রন্থ সকল আমারদিগকে স্পষ্ট করিতেছিলেন, তখন নাকি আমারদের চিত্ত আপনারদের অন্তরে উজ্জ্বল হইল না? তখন তাহারা সেই ঘড়ী উঠিয়া যিরোশলমে ফিরিয়া গেল এবং এগার জনকে ও তাহারদের সঙ্গিরদিগকে একত্র পাইল; ও ইহারা কহিতেছিল, যে প্রভু উত্থান করিয়াছেন, নিতান্ত, এবং শীমোনের স্থানে দেখা দিয়াছেন. তখন তাহারা পথের বৃত্তান্ত কহিল, এবং তিনি কেমনে রুটীর ভাঙ্গনে তাহারদের স্থানে পরিচিত হইলেন.

পেসাখ্ পর্ব্বের পর মঙ্গলবার

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আপন অদ্বিতীয় পুত্র যিশু খ্রীষ্টের দ্বারা মৃত্যুকে পরাভব করিয়া অনন্ত জীবনের দ্বার আমারদের

কারণ খুলিয়া দিয়াছ; এতদর্থে আমরা নম্রুরূপে তোমাকে বিনতি করিতেছি, যে যেমন আমারদের সুকর্ম্ম কিম্বা সুচিন্তা করিতে সমর্থ হইবার পূর্ব্বে তুমি আপন বৈশেষিক অনুগ্রহ দিয়া আমারদের মনের মধ্যে ভাল বাসনা জন্মাইতেছ, সেইমত তুমি আমারদিগের নিত্য২ সাহায্য করিবাতে যেন আমরা উত্তম রূপে সেই মনস্থ সাধি, ইহা আমারদের প্রভু য়িশু খ্রীষ্ট, যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে একীভূত ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. ক্রিয়া. পর্ব্ব ১৩, পদ ২৬.

হে মনুষ্য ভাইরা, অব্রাহামের গোত্র সন্তান ও যে কেহ তোমারদের মধ্যে ঈশ্বরকে ভয় করিতেছে, তোমারদের স্থানে এই পরিত্রাণের বাণী প্রেরিত হইয়াছে. কেননা য়িরোশলমের নিবাসিরা ও তাহারদের অধ্যক্ষেরা তাঁহাকে না জানিয়া ও ভবিষ্যদ্বক্তৃগণের উক্তি যে প্রতি বিশ্রামবারে পাঠ হইতেছে, তাহা না বুঝিয়া তাঁহার দোষ নিশ্চয় করাতে তাহারা পূর্ণ করিয়াছে, এবং তাঁহাতে কোন মরণের হেতু না পাইয়া তত্রাপিও তাহারা পীলাতের স্থানে তাঁহার বধ হইবার কারণ যাচ্ঞা করিল. এবং তাঁহার বিষয়ে যে সকল গ্রন্থে লেখা ছিল, তাহারা তাহার পালন করিয়া তাঁহাকে ক্রুশহইতে নামাইয়া কবরস্থানে শোয়াইয়া দিল. কিন্তু ঈশ্বর তাঁহাকে মৃত্যুহইতে উঠাইয়া দিলেন. পরে যে সকল তাঁহার সঙ্গে গালিলিহইতে য়িরোশলমে আসিয়াছিল যাহারা লোকের প্রতি তাঁহার সাক্ষী আছে, তাহারদের স্থানে তিনি অনেক দিবস দেখা দিলেন;

এবং আমরা তোমারদের স্থানে মঙ্গলবার্ত্তা আনিতেছি, যে পিতৃগণেরদিগকে যে অঙ্গীকার করা গিয়াছিল, তাহাই ঈশ্বর তাহারদের সন্তানরূপ আমারদিগকে যিশুর পুনরুত্থানেতে পূর্ণ করিয়াছেন; যদনুক্রমে দ্বিতীয় গীতে লেখাও আছে, যে তুমি আমার পুত্র, আজি তোমাকে জন্ম দিয়াছি. এবং যে তাঁহাকে মৃত্যুহইতে উঠাইয়াছেন, যেন তাঁহার আরবার ক্ষয়িত্বেতে যাওয়া না হয়, তাহার বিষয়ে তিনি এই মত কহিলেন, আমি তোমারদিগকে দাউদের অমোঘ বর দিব. এতদর্থে তিনি অন্য স্থানেও কহিতেছেন, তুমি আপন ধার্ম্মিককে ক্ষয়িত্ব দেখিতে দিবা না. কিন্তু দাউদ ঈশ্বরের ইচ্ছানুক্রমে আপন কালের সেবা করিলে পরে নিদ্রা গেলেন, এবং আপন পিতৃগণের সহিত একত্রীভূত হইয়া ক্ষয়িত্ব দেখিলেন. কিন্তু যাহাকে ঈশ্বর পুনশ্চ উঠাইলেন, তিনি ক্ষয়িত্ব দেখিলেন না. অতএব মনুষ্য ভাই সকল, এই তোমারদিগের গোচর হউক যে তাঁহার দ্বারা পাপের ক্ষমা তোমারদের প্রতি প্রচার হইতেছে, এবং যে সকল দোষহইতে তোমরা মোশের ব্যবস্থার ক্রিয়াতে নির্দ্দোষীকৃত হইতে পারিলা না, সে সকলহইতে প্রত্যয়ী সকল তাঁহা দিয়া নির্দ্দোষীকৃত হয়. অতএব সাবধান, যেন সেই ভবিষ্যদ্বক্তারদের গ্রন্থোক্ত বাণী তোমারদের উপরু না ঘটে, যে হে তুচ্ছকারিরা, দৃষ্টি কর, এবং অসম্ভব জ্ঞান করিয়া নষ্ট হও; কেননা আমি তোমারদের সময়ে এক কর্ম্ম করি, এমত কর্ম্ম যে তোমারদিগকে কেহ যদি তাহার বৃত্তান্ত কহে, তথাচ তোমরা প্রত্যয় করিবা না.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ২৪, পদ ৩৬.

য়িশু আপনি তাহারদের মধ্যখানে দাঁড়াইয়া কহিলেন, তোমারদের কল্যাণ হউক. কিন্তু তাহারা চমৎকৃত ও শঙ্কিত হইল, এবং অনুভব করিল যে তাহারা এক ভূত দেখিতেছে. তখন তিনি তাহারদিগকে কহিলেন, তোমরা বিস্মিত হও কেন? এবং তোমারদের মনে সংশয়যুক্ত ভাবনা কেন উঠিতেছে? আমার হাত পা দেখ যে আমি আপনি সেই আছি; আমাকে স্পর্শ করিয়া দেখ; কেননা ভূতের অস্থি মাংস নাই, যেমত আমাতে তোমরা দেখিতেছ. ইহা কহিয়া তিনি আপন হাত পা দেখাইয়া দিলেন. যাবৎ তাহারা আনন্দ প্রযুক্ত অপ্রত্যয় করিল ও আশ্চর্য্য ভাবিল, তাবৎ তিনি তাহারদিগকে কহিলেন, তোমারদের কিছু ভক্ষ্য দ্রব্য এখানে আছে? এবং তাহারা এক খান ভাজা মৎস্য ও মধুচাক তাঁহাকে দিল; এবং তাহা লইয়া তিনি তাহারদের সাক্ষাতে খাইতে লাগিলেন. পরে তিনি তাহারদিগকে কহিলেন, এই সে কথা যাহা আমি তোমারদের সঙ্গে থাকিতে তোমারদিগকে কহিয়াছিলাম, যে আমার বিষয়ে যে সকল প্রসঙ্গ মোশের ব্যবস্থায় ও ভবিষ্যদ্বাণী ও গীত পুস্তকে লেখা ছিল, তাহার সিদ্ধি হওনের আবশ্যক আছে. তখন তিনি তাহারদের বুদ্ধি প্রসন্ন করিলেন, তাহাতে তাহারা গ্রন্থের মর্ম্ম যেন বুঝিতে পারে. তিনি তাহারদিগকে কহিলেন, এইমত লিখিত আছে, এবং এই মত খ্রীষ্টকে মৃত্যু ভোগ করিতে ও তৃতীয় দিবসে মৃত্যুহইতে উত্থান করিতে আবশ্যক ছিল, এবং যে তাঁহার নামে য়িরোশলমে আরম্ভ করিয়া সমস্ত দেশে মনফিরাণ ও পাপমোচন প্রচার হয়. এবং তোমরা এই কথার সাক্ষী.

পেসাখ্ পর্ব্বের পর প্রভুর প্রথম দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ পিতঃ, তুমি আপন অদ্বিতীয় পুত্রকে আমারদের অপরাধ নিমিত্তে মরিবার কারণ সমর্পণ করিয়া আমারদের নির্দ্দোষ তাহরা প্রযুক্ত পুনর্ব্বার উঠাইয়াছ; এতদর্থে আমরা দ্বেষ ও দুষ্টতারূপ খমীর দূর করিয়া ধর্ম্মাচারে ও সত্যেতে নিত্য২ তোমার সেবা করি, ইহা সেই আপন পুত্র আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের পুণ্যের নিমিত্তে প্রদান করহ. আমেন.

পত্র. ১ য়োহন. পর্ব্ব ৫, পদ ৪.

ঈশ্বরহইতে জাত যে সে জগৎ পরাভব করে, এবং জগৎ যাহাতে পরাজিত হয়, সে আমারদের প্রত্যয়. যে জন য়িশুকে ঈশ্বরের পুত্র করিয়া প্রত্যয় করে, সেই জন ব্যতিরেক কেবা জগৎকে পরাজয় করে? এই সেই যিনি সজলে ও সরক্তেতে আইলেন, অর্থাৎ য়িশু খ্রীষ্ট, কেবল সজলে নহে, কিন্তু সজলে ও সরক্তেতেই; এবং যাহা প্রমাণ দেয়, সেইতো আত্মা; কেননা আত্মা তিনি সত্য. কেননা স্বর্গেতে তিন সাক্ষী আছেন, পিতা ও বাণী ও ধর্ম্মাত্মা, এবং এই তিন এক. অপর পৃথিবীর মধ্যে তিন বস্তু সাক্ষী দেয়, আত্মা ও জল ও রক্ত; এবং এই তিন একেতে মিলন হয়. যদি আমরা মনুষ্যেরদের প্রমাণ লই, তবে ঈশ্বরের প্রমাণ তাহাহইতে বড় আছে; কেননা ঈশ্বরের প্রমাণ যাহা তিনি আপন পুত্রের বিষয়ে সাক্ষী দিয়াছেন তাহা এই, যে জন ঈশ্বরের পুত্রের উপর বিশ্বাস করে, সেই জন আপন অন্তরে সাক্ষী রাখিতেছে; যে জন ঈশ্বরের কথা প্রত্যয় না করে, সে তাঁহাকে

মিথ্যাবাদী করিয়া ঠাহরাইয়াছে; কেননা ঈশ্বর আপন পুত্রের বিষয়ে যে প্রমাণ দিয়াছেন, তাহার প্রতি সে প্রত্যয় করে নাই. এবং সেই প্রমাণ এই যে ঈশ্বর আমারদিগকে অনন্ত জীবন দিয়াছেন, এবং সেই জীবন তাঁহার পুত্রেতে আছে; যাহার নিকট পুত্র আছেন, তাহার নিকট জীবনও আছে, এবং যাহার নিকট ঈশ্বরের পুত্র নহেন, তাহার নিকট জীবনও নাই.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ২০, পদ ১৯.

সেই দিবসের সন্ধ্যা সময়ে (তাহা সপ্তাহের প্রথম দিবস) শিষ্যগণ যে স্থানে একত্র হইয়া সভাস্থ হইল, য়িহুদীরদের ভয়ে দ্বার সকল বন্ধ হইলে য়িশু আসিয়া তাহারদের মধ্যখানে দাঁড়াইয়া তাহারদিগকে কহিলেন, তোমারদিগের শান্তি হউক. ইহা কহিয়া তিনি তাহারদিগকে আপন হস্ত ও কুক্ষিদেশ দেখাইলেন. তখন শিষ্যেরা প্রভুকে দেখিয়া হর্ষিত হইল. তখন য়িশু পুনশ্চ তাহারদিগকে কহিলেন, তোমারদিগের শান্তি হউক; আমার পিতা যেমত আমাকে পাঠাইলেন, সেইমত আমিও তোমারদিগকে পাঠাই. ইহা কহিয়া তিনি তাহারদের উপর আপন মুখের ভাপ দিলেন, এবং বলিলেন; ধর্ম্মাত্মা লও, যাহারদের পাপ তোমরা ক্ষমা করহ, সে তাহারদের প্রতি ক্ষান্ত আছে, এবং যাহারদের পাপ তোমরা রাখিয়া দেও, সে রাখা আছে.

পেসাখ্ পর্ব্বের পর প্রভুর দ্বিতীয় দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি আমারদের পাপের নিমিত্তে বলিদান এবং ধর্ম্মাচারের দৃষ্টান্ত এই উভয়ার্থে আপন অদ্বিতীয় পুত্রকে দি-

য়াছ; অতএব যাহাতে সর্ব্বদা একান্ত রূপে স্তাবক হইয়া এই উৎকৃষ্ট দান গ্রহণ করি, এবং তাঁহার অতি পুণ্যাচারের পাদচিহ্নানুবর্ত্তী হইবার নিমিত্তে প্রত্যহ চেষ্টা করি, এমন প্রসাদ ঐ আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে দেও. আমেন.

পত্র. ১ পিতর. পর্ব্ব ২, পদ ১৯.

কেহ যদি ঈশ্বরার্থ দোষাদোষ জ্ঞান নিমিত্তে অসঙ্গত দণ্ড পাইয়া দুঃখ সহিষ্ণুতা করে, সেই প্রতিষ্ঠা যোগ্য হয়. কেননা তোমরা আপনারদের ঘাইট নিমিত্তে মারপীট খাইয়া যদ্যপিও সহিষ্ণুতা কর, তাহাতে বা প্রতিষ্ঠা কি হয়? কিন্তু যখন ভাল কর্ম্ম করহ, তখন যদি দুঃখ পাইয়া তোমরা সহিষ্ণুতা কর, সেই ঈশ্বরের সাক্ষাতে শোভনীয় হয়. এবং ইহার নিমিত্তে তোমরা আহ্বানিত ছিলা; কেননা খ্রীষ্ট আপনি তোমারদের কারণ দুঃখ ভোগ করিয়া তোমারদের নিকট এক দৃষ্টান্ত রাখিয়া গেলেন, যেন তোমরা তাঁহার পাদচিহ্ন দিয়া পশ্চাদ্গমন করহ. তিনি কিছুই পাপ করিলেন না, এবং তাঁহার মুখে কোনহ ফাঁকী ছিলনা; তিনি তিরস্কৃত হইয়া তিরস্কার করিলেন না, ও দুঃখ ভোগ পাইয়া সমুচিত প্রতিজ্ঞা করিলেন না, কিন্তু আপনাকে তাঁহার নিকট সমর্পণ করিলেন যিনি প্রকৃত বিচার করেন. তিনি আপনি আমারদের পাপের ভার আপন শরীরে ধারণ করিয়া বৃক্ষের উপর টাঙ্গা গেলেন, তাহাতে যেন আমরা পাপের প্রতি মৃত হইয়া যাথার্থ্যের প্রতি জীয়া থাকি, যাঁহার প্রহারযন্ত্রণাতে তোমরা সুস্থ হইলা. কেননা তোমরা হারাণ মেষেরদের ন্যায় ছিলা, কিন্তু সম্প্রতি তোমরা আপনারদের প্রাণের মেষপালক ও অধ্যক্ষের নিকট ফিরিয়া আসিয়াছ.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১০, পদ ১১.

আমি ভাল মেষপালক. ভাল মেষপালক যে, সে মেষের কারণ আপন প্রাণ দেয়; কিন্তু বেতন্যা যে, সে পালক না হইয়া মেষ তাহার নিজ নহিলে কেন্দুয়ার আগমন দেখিয়া মেষগুলা ছাড়িয়া পলায়ন করে, এবং কেন্দুয়া তাহারদিগকে ধরিয়া মেষপাল্‌কে ছিন্নভিন্ন করে. বেতন্যা পলায়ন করে, যে হেতুক সে বেতন্যা, এবং মেষের কারণ নিশ্চিন্ত থাকে. আমি ভাল মেষপালক, এবং নিজ মেষ চিনি, এবং আপন মেষকর্তৃকও চিহ্নিত আছি. যেমত পিতা আমাকে জানেন, সেইমত আমি পিতাকেও জানি; এবং মেষের কারণ আপন প্রাণ সমর্পণ করি. কিন্তু এই পাল ছাড়া আমার আর মেষ আছে; সে সকলও আমাকে আনিতে হয়, এবং তাহারা আমার রব শুনিবে এবং এক পাল ও এক পালকও হইবে.

পেসাখ্ পর্ব্বের পর প্রভুর তৃতীয় দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, ভ্রান্ত লোকেরদিগকে ফিরাইয়া যাথার্থ্যের পথেতে উত্তীর্ণ করাইবার নিমিত্তে তুমি আপন সত্যরূপ দীপ্তি প্রকাশ করিতেছ. অতএব খ্রীষ্টিয়ান মতাবলম্বি সকল আপন মতের বিপরীত বস্তুহইতে পলায়ন করে, এবং তদনুযায়ি বস্তুর পশ্চাদ্গামী হয়, ইহা আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. ১ পিতর, পর্ব্ব ২, পদ ১১.

হে প্রিয়েরা, আমি কাকুতি করি যে তোমরা বিদেশী ও অতিথিবৎ হইয়া জীবাত্মার সঙ্গে যুদ্ধকারী শারীরিক কামাভিলাষহইতে ক্ষান্ত থাক, এবং ভিন্নদেশিবর্গের মধ্যে যথার্থাচরণ কর, তাহাতে যে হেতুক তাহারা কুকর্ম্ম করিয়া তোমারদের প্রতি মন্দ বলে, তাহারা তোমারদের সুক্রিয়ার প্রত্যক্ষ প্রমাণ পাইয়া দর্শন দেওন সময়ে ঈশ্বরের প্রশংসা করে. তোমরা প্রভুর নিমিত্তে প্রত্যেক লৌকিক বিধানের, কিম্বা সর্ব্বপ্রধান রাজাধিরাজের, কিম্বা কুক্রিয়াকারিরদের প্রতিফলার্থে তাঁহাহইতে প্রেরিত শাসনাধিকারিরদের বশীভূত হও. কেননা ঈশ্বরের ইচ্ছা এইমত আছে, যে তোমরা সুকর্ম্মের দ্বারাতে অজ্ঞান লোকেরদের অজ্ঞতা নিরুত্তর কর. আপনারদিগকে মুক্ত জানিয়া, তথাপি আপনারদের মুক্তি দুষ্কর্ম্মের আচ্ছাদনী না করিয়া ঈশ্বরের সেবকেরদের মত থাক. সকলের মর্য্যাদা কর; ভ্রাতৃবর্গকে প্রেম কর; ঈশ্বরের প্রতি ভীত থাক; রাজাকে সম্মান দেও.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৬, পদ ১৬.

য়িশু আপনার শিষ্যগণেরদিগকে কহিলেন, কিঞ্চিৎ ব্যাজে তোমরা আমাকে দেখিতে পাইবা না; এবং আর কিঞ্চিৎ ব্যাজে তোমরা আমাকে দেখিতে পাইবা; কেননা আমি পিতার স্থানে যাই. তখন তাঁহার কত্তেক শিষ্য পরস্পর বলিতে লাগিল, একি কথা আমারদিগকে কহিতেছেন, কিঞ্চিৎ ব্যাজে তোমরা আমাকে দেখিতে পাইবা না, এবং আর কিঞ্চিৎ ব্যাঁজে তোমরা আমাকে দেখিতে পাইবা; কেননা আমি পিতার স্থানে যাই; এই যে কিঞ্চিৎ ব্যাজে বলিতেছেন

সে কি কথা কহিতেছেন, আমরা বুঝিতে পারি না. কিন্তু য়িশু জানিলেন, যে আমাকে তাহারদের জিজ্ঞাসা করিবার ইচ্ছা আছে; অতএব তিনি তাহারদিগকে কহিলেন, এই যে আমি কহিলাম, কিঞ্চিৎ ব্যাজে তোমরা আমাকে দেখিতে পাইবা না, এবং আর কিঞ্চিৎ ব্যাজে তোমরা আমাকে দেখিতে পাইবা, ইহার তদন্ত নাকি তোমরা আপনারদের মধ্যে তত্ত্ব করহ? সত্যং আমি বলি তোমারদিগকে, তোমরা ক্রন্দন ও শোক বিলাপ করিবা, কিন্তু জগৎসংসার কৌতুকাবিষ্ট হইবে; এবং তোমরা শোকাকুল হইবে, কিন্তু তোমারদের শোচনা আনন্দে লুপ্ত হইবে. প্রসূতি স্ত্রীর যখন প্রসব ক্ষণ উপস্থিত হয়, তখন সে দুঃখিতা থাকে; কিন্তু পুত্র প্রসব হইলে পরে, তাহার এক জন পুরুষ ভূমিষ্ঠ হওয়াতে যে আনন্দ হয়, তাহাতে আপনার বেদনা আর স্মরণে থাকে না; এমনে তোমরা সম্প্রতি শোকাকুল হইলা; কিন্তু আমি তোমারদের স্থানে আরবার সাক্ষাৎ দিব; তখন তোমারদিগের মন আনন্দিত হইবে, এবং তোমারদের আনন্দ কেহ হরণ করিতে পারিবেক না.

পেসাখ্ পর্ব্বের পর প্রভুর চতুর্থ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, তুমি মাত্র পাপিষ্ঠ মনুষ্যেরদের অবশীভূত ইচ্ছা ও মনোবিকার শোধন করিতে পার; অতএব তোমার লোক তোমার আজ্ঞাতে সন্তুষ্ট হইয়া তোমার অঙ্গীকৃত বর বাসনা করিলে, সাংসারিক বস্তু সকল অনেকবার ও নানা প্রকারে অন্যমত হয়, এই কারণ যে স্থানে প্রকৃত সন্তোষ পাওয়া যায়, সেই স্থানেই আমারদের অন্তঃকরণ দৃঢ়রূপে লগ্ন হয়, ইহা আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন

পত্র. য়াকুব. পর্ব্ব ১, পদ ১৭.

প্রত্যেক উত্তম দান ও প্রত্যেক পদার্থ দান উপরহইতে হয়, এবং দীপ্তির জনকহইতে আইসে যাঁহাতে কিছু ফেরা ঘোরা নাই এবং অন্য প্রকার হওনের ছায়াও নাই. তিনি সত্যের বাণী দিয়া স্বেচ্ছায় আমারদিগকে জন্মাইলেন যে আমরা তাঁহার সৃষ্টির মধ্যে এক প্রকার প্রথম ফল যেন হই. অতএব, হে আমার প্রিয় ভ্রাতৃরা, প্রত্যেক জন শুনিতে দ্রুত, কহিতে ধীর, কোপেতে ধীর হউক; কেননা মনুষ্যের ক্রোধে ঈশ্বরের যাথার্থ্যের সাধন হয় না. অতএব সমস্ত মল ও কাপুরুষত্বের বাহুল্য ছাড়িয়া দিয়া সেই কলম লাগা বাণী যে তোমারদের প্রাণ বাঁচাইতে শক্তিমন্ত আছে তাহা সনম্রতায় গ্রহণ করহ.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৬, পদ ৫.

য়িশু আপনার শিষ্যেরদিগকে কহিলেন, সম্প্রতি আমি আপন প্রেরণকর্ত্তার স্থানে যাইতেছি; তথাচ তোমারদের কেহ আমাকে জিজ্ঞাসা করে না, যে তুমি কোথায় যাইতেছ? কিন্তু এ সকল কথা যে আমি তোমারদিগকে কহিয়াছি, ইহার নিমিত্তে তোমারদের অন্তঃকরণ শোকেতে পূর্ণ হইল. তত্রাপি আমি তোমারদিগকে সত্য কহি, তোমারদের হিত নিমিত্তে আমার যাওনের আবশ্যক আছে; কেননা আমি যদি না যাই, তবে প্রবোধকর্ত্তা তোমারদের স্থানে আসিবেন না; কিন্তু আমি যদি যাই, তবে তাঁহাকে তোমারদের স্থানে পাঠাইব. এবং তিনি যখন আসিবেন, তখন জগৎসংসারকে পাপ বিষয়ে ও পুণ্য বিষয়ে এবং বিচার বিষয়ে জ্ঞান দিবেন; পাপ বিষয়ে এই নিমিত্তে যে আমাকে তাহারা প্রত্যয় করে না; পুণ্য বিষয়ে এই কারণ

যে আমি আমার পিতার স্থানে যাই. তাহাতে আর আমাকে তোমরা দেখিবা না; বিচার বিষয়ে এই হেতু যে এই জগতের অধিপতি বিচারিত হইয়াছে. আমার অনেক কথা তোমারদিগকে কহিতে আছে; কিন্তু এখন তাহা সহিতে পারিবা না. কিন্তু সত্যময় আত্মা যখন আসিবেন, তখন তিনি তোমারদিগকে সমস্ত সত্যেতে প্রবেশ করাইবেন; কেননা আপনাহইতে তিনি কহিবেন না; কিন্তু যাহা শুনিবেন, তাহাই বলিবেন, এবং তোমারদিগকে ভবিষ্যৎ কর্ম্ম অনেক দেখাইবেন. তিনি আমার মহিমা প্রকাশ করিবেন; কেননা তিনি আমাহইতে লইয়া তোমারদিগকে দেখাইবেন. যে কিছু আমার পিতার আছে, সে আমার; এই নিমিত্তে আমি কহিলাম যে তিনি আমাহইতে লইয়া তোমারদিগকে দেখাইবেন.

পেসাখ্ পর্ব্বের পর প্রভুর পঞ্চম দিবস.

প্রার্থনা.

হে প্রভু, যাঁহাহইতে ভাল বস্তু সকল আইসে, তোমার নম্র দাস যে আমরা, আমারদের মনেতে ভাল বাসনা জন্মাইয়া সেই বাসনার সিদ্ধি হইবার কারণ আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে দয়া পূর্ব্বক গতি করাও. আমেন.

পত্র. য়াকুব. পর্ব্ব ১, পদ ২২.

তোমরা স্বয়ংভ্রান্ত হইয়া কেবল বাণীর শ্রোতা হইও না, কিন্তু তাহার পালকও হও. কেননা যদি কেহ বাণীর শ্রোতা হইয়া তাহার পালক না হয়, তবে সে এক মনুষ্যের সদৃশ যে আপন স্বরূপ বদন দর্পণে দেখিতেছে; কেননা সে আপনাকে অবলোকন করিয়া

চলিয়া গিয়া স্থানান্তর হইবা মাত্র, সে কি প্রকার জন হয়, তাহা বিস্মৃত হইয়াছে. কিন্তু যে কেহ মুক্তির সিদ্ধময় বিধানেতে দৃষ্টি করিয়া তাহাতে স্থায়ী থাকে, সে মনুষ্য অস্মারক শ্রোতা না হইয়া, কিন্তু কর্ম্মের পালক হইয়া স্বক্রিয়াতে ধন্য হইবে. যদি কেহ তোমারদের মধ্যে আপনাকে ভক্তিমান করিয়া জানিয়া আপন মুখে লাগাম না দিয়া আপনার মনের ভ্রান্তি জন্মায়, সে মনুষ্যের ভক্তি বৃথা. ঈশ্বর ও পিতার গোচরে যে ভক্তি শুদ্ধ ও নির্ম্মল, সে এই, অনাথ ও বিধবারদিগকে তাহারদের দুঃখকালে তত্ত্বাবধারণ করা এবং সংসারহইতে আপনাকে নিষ্কলঙ্ক রাখা.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৬, পদ ২৩.

সত্য২ আমি বলি তোমারদিগকে, যে কিছু আমার নামে তোমরা পিতার স্থানে চাহিবা, তিনি তোমারদিগকে অবশ্য দিবেন. অদ্যাপি আমার নাম করিয়া তোমরা কিছু চাহ নাই; চাহ, তবে তোমারদের পূর্ণানন্দ যাহাতে হয়, তাহা পাইবা. এ সকল কথা আমি উপমা দিয়া তোমারদিগকে কহিয়াছি; কিন্তু সময় আসিতেছে যখন উপমা কথা আর বলিব না, কিন্তু তোমারদিগকে স্পষ্ট রূপে পিতার বিষয় জানাইব. তখন তোমরা আমার নাম করিয়া যাচ্ঞা করিবা, কিন্তু আমি কহি না, যে তোমারদের কারণ আমি পিতাকে প্রার্থনা করিব. কেননা তোমরা আমাকে প্রেম করিতেছ, এবং যে আমি ঈশ্বরহইতে আসিয়াছি, তাহা প্রত্যয় করিতেছ, এই নিমিত্তে পিতা আপনি তোমারদিগকে প্রেম করেন. আমি পিতার নিকটহইতে বাহির হইয়া জগতে আইলাম; পুনশ্চ আমি জগৎ ছাড়িয়া পিতার নিকটে যাই. শিষ্যেরা

তাঁহাকে বলিল, দেখ, এখন তো আপনি স্পষ্ট কথা কহিতেছেন, এবং উপমা কথা কহেন না এখন আমরা প্রবোধ পাইলাম যে আপনি সকল কথা জানেন, এবং যে কাহার জিজ্ঞাসাতে আপনার আবশ্যক নাই; ইহাতে আমরা বিশ্বাস করি যে আপনি ঈশ্বরের নিকটহইতে আইলেন. য়িশু তাহারদিগকে উত্তর দিলেন, এখন কি তোমরা বিশ্বাস করহ? দেখ, সময় আসিতেছে, বরং উপস্থিতও আছে, যখন তোমরা সকল আপন২ স্থানে ছিন্নভিন্ন হইয়া আমাকে একাকী ছাড়িয়া যাইবা; তথাপি আমি একাকী নহি; কেননা পিতা আমার সঙ্গে আছেন. এ সকল কথা আমি তোমারদিগকে কহিয়াছি, যেন আমাতে তোমারদের শান্তি হয়; জগতে তোমারদের ক্লেশ হইবেই, কিন্তু নির্ভয় থাক, আমি জগৎকে পরাভূত করিয়াছি.

য়িশু খ্রীষ্টের স্বর্গেতে ঊর্দ্ধগমন করণের স্মরণার্থ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ঈশ্বর, আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি যে যেরূপে তোমার অদ্বিতীয় পুত্র আমারদের প্রভু য়িশু খ্রীষ্ট স্বর্গেতে ঊর্দ্ধগমন করিয়াছেন, ইহা বিশ্বাস করিতেছি, সেইরূপে আমরাও স্বমনেতে ও স্বাভিলাষেতে সেখানে ঊর্দ্ধগমন করিয়া এই য়িশু খ্রীষ্ট, যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার সহিত যে নিত্য২ বাস করি, ইহা প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ১, পদ ১.

হে তেওফিলস্, য়িশু আপন বাঞ্ছিত প্রেরিতেরদিগকে ধর্ম্মাত্মা কর্ত্তৃক আজ্ঞা অনুজ্ঞা দিলে পরে যে দিনে তিনি উপরে লওয়া গেলেন, সে দিন পর্য্যন্ত যে কিছু করিতে ও শিক্ষাইতে আরম্ভ করিলেন, তাহার সমস্ত বৃত্তান্ত আমি প্রথম পুস্তকে লিখিয়াছি. তাহারদিগকেও তিনি আপনার মৃত্যুর পরে নিশ্চিত নানা প্রমাণে জীববান হইয়া দেখা দিয়া চল্লিশ দিবস তাহারদের স্থানে দৃষ্ট হইলেন, এবং ঈশ্বরের রাজ্য বিষয়ের প্রসঙ্গ আলাপ করিলেন. পরে তাহারদিগকে তিনি একত্র করিয়া আজ্ঞা করিলেন, যে তোমরা য়িরোশলমহইতে প্রস্থান করিও না, কিন্তু আমার পিতার অঙ্গীকার যে তোমরা আমার স্থানে শুনিয়াছ, তাহার অপেক্ষাতে থাক. কেননা য়োহন জলেতে বাপ্টাইজ করিলেন বটে, কিন্তু তোমরা অল্প দিবসের মধ্যে ধর্ম্মাত্মাতে বাপ্টাইজিত হইবা. অতএব তাহারা একত্র হইয়া আইলে পরে, তাঁহাকে জিজ্ঞাসা করিয়া বলিল, হে প্রভো, আপনি নাকি এই সময়ে য়িশ্রাএল্কে পুনশ্চ রাজ্য দিবেন? তিনি তাহারদিগকে কহিলেন, পিতা যে সকলকাল ও প্রাপ্ত কাল আত্মবশে রাখিয়াছেন, সে তোমারদের জানিবার নহে. কিন্তু তোমারদের উপর ধর্ম্মাত্মার আইসনে তোমরা শক্তি পাইবা, এবং য়িরোশলমে ও য়িহুদা ও শমরণ দেশ সমুদায়ে এবং পৃথিবীর সীমা পর্য্যন্তই আমার সাক্ষী হইবা. এ কথা কহিয়া তাহারা দেখিতে২ তিনি উত্থিত হইলেন, এবং এক মেঘ তাঁহাকে তাহারদের দৃষ্ট্যান্তর করিয়া লইল. পরে তাঁহার ঊর্দ্ধগমনে তাহারা স্বর্গ পানে এক দৃষ্টে চাহিতে২, দেখ, দুই মনুষ্য শুক্ল পরিচ্ছদে তাহারদের নিকটে দাঁড়াইয়া কহিতে লাগিল, হে গালিলীয় মনু-

ষ্যেরা, তোমরা স্বর্গ পানে চাহিতে২ কেন দাঁড়াইয়া থাক? এই য়িশু যে আমারদের নিকটহইতে স্বর্গেতে লওয়া গিয়াছেন, তাঁহার স্বর্গে গমন যেরূপ তোমরা দেখিয়াছ, সেইরূপ তিনি পুনর্ব্বার আগমনও করিবেন.

মঙ্গলসমাচার. মার্ক. পর্ব্ব ১৬, পদ ১৪.

একাদশ শিষ্যেরা ভোজনে বসিয়া থাকিতে২ য়িশু তাহারদের স্থানে দর্শন দিয়া তাহারদের অপ্রত্যয় ও মনের কঠিনতা প্রযুক্ত তাহারদিগকে নিন্দা করিতে লাগিলেন; কেননা যাহারা তাঁহার উত্থান করণের পরে তাঁহার দেখা পাইয়াছিল, তাহারদের কথা ইহারা প্রত্যয় করিল না. পরে তিনি তাহারদিগকে কহিলেন, তোমরা সমুদায় জগতে চলিয়া যাও, এবং প্রত্যেক জীবকে মঙ্গলসমাচার প্রচার করহ. যে জন প্রত্যয় করিয়া বাপ্টাইজিত হয়, সে পরিত্রাণ পাইবে, এবং যাহারা প্রত্যয় না করে, সে দণ্ড পাত্র হইবে. এবং যাহারা প্রত্যয় করিবে, তাহারদের সঙ্গে এই চিহ্ন হইবে, আমার নামেতে তাহারা ভূত সকল বাহির করিয়া দিবে; তাহারা নূতন ভাষা বলিবে; তাহারা সর্পাদি ধরিয়া উঠাইয়া লইবে; এবং যদি তাহারা কোন জীবান্তক বস্তু পান করে, তথাচ সে তাহারদের কিছু ক্ষতি করিবে না; তাহারা ব্যাধিত লোকের উপর হাত দিলে সে ব্যাধিতেরা সুস্থ হইবে. প্রভু এইমত তাহারদিগকে কহিলে পরে, তিনি স্বর্গেতে লওয়া গেলেন, এবং ঈশ্বরের দক্ষিণ দিকে বসিলেন. পরে তাহারা প্রস্থান করিয়া সর্ব্বত্র কথা প্রচার করিতে লাগিল; তাহাতে প্রভু তাহারদের সহকারী হইলেন, এবং তদনুবর্ত্তি রূপ চিহ্নতে বাণী প্রামাণ্য করিলেন.

যিশু খ্রীষ্টের স্বর্গেতে ঊর্দ্ধগমন করণের স্মরণার্থ দিবসের পর প্রভুর দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর গৌরবের রাজা, তুমি মহাজয়জয়কার করিয়া আপন অদ্বিতীয় পুত্র যিশু খ্রীষ্টকে আপন স্বর্গস্থ রাজ্যেতে উন্নত করিয়াছ; অতএব আমরা তোমাকে কাকুতি বিনতি করিতেছি যে আমারদিগকে সান্ত্বনাহীন থাকিতে ছাড়িও না; কিন্তু আমারদিগকে সান্ত্বনা করিবার কারণ এবং আমারদের ত্রাণকর্ত্তা খ্রীষ্ট যিনি তোমার আর ধর্ম্মাত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তিনি যে স্থানেতে আমারদের অগ্রে গিয়াছেন, সেই স্থানেতে আমারদিগকে উন্নত করিবার কারণ আমারদের প্রতি আপন ধর্ম্মাত্মাকে প্রেরণ করহ. আমেন.

পত্র. ১ পিতর. পর্ব্ব ৪, পদ ৭.

সকল বিষয়ের শেষ সন্নিকট হইয়াছে; অতএব সবোধ থাক ও প্রার্থনা সাধিতে সচেতন হইয়া রহ. এবং সকলের অগ্রে আপনারদের মধ্যে পরস্পর কারুণিক প্রেম পালন করহ; কেননা প্রেম বিস্তারিত পাপের আচ্ছাদন করিবে. তোমরা পরস্পর এক জন অন্যেরদিগকে অকার্কশ্য রূপে আতিথ্যাদি ব্যবহার করহ. প্রত্যেক জন যেমত২ প্রসাদ পাইয়াছে, সেই২ মতে ঈশ্বরের বিবিধ প্রসাদের সুপাত্র জ্ঞানে তাহা দিয়া পরস্পর অন্যোন্যের হিত যেন সাধে. যদি কেহ কথা প্রস্তাব করে, তবে সে ঈশ্বরের বাণীর জ্ঞানে কহুক; যদি কেহ সেবা করে, তবে তাহা ঈশ্বরের দত্ত সাধ্যানুসারে করা যাউক; তাহাতে যেন সকল

কর্ম্মে ঈশ্বরের মহিমা য়িশু খ্রীষ্টের দ্বারা প্রকাশিত হয়; তাঁহার প্রশং-সা ও প্রভুত্ব সদাসর্ব্বক্ষণ হউক. আমেন.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৫, পদ ২৬, এবং ১৬ পর্ব্বের ভাগ.

প্রবোধকর্ত্তা যাহাকে আমি পিতার নিকটহইতে তোমারদের স্থানে পাঠাইব, সে সত্যময় আত্মা যিনি পিতাহইতে নির্গত হন, তিনি যখন আসিবেন, তখন আমার বিষয়ে প্রমাণ দিবেন. এবং তোমরাও প্রমাণ দিবা; কেননা তোমরা প্রথমাবধি আমার সঙ্গে থাকিতেছ. এই সকল কথা আমি তোমারদিগকে কহিয়াছি, যেন তোমরা বাধিত না হও. তাহারা তোমারদিগকে শিনগগহইতে বাহির করিয়া দূর করিবে, বরঞ্চ এমন সময় আসিতেছে যখন তোমারদিগকে যে কেহ বধ করে, সে বুঝিবে যে তাহাতে ঈশ্বরের সেবা করিতেছে. তাহারা তোমারদিগকে এ সকলই করিবে; কেননা তাহারা আমার পিতাকেও জানে না, আমাকে ও জানে না. কিন্তু এই সকল আমি তোমারদিগকে কহিয়া দিয়াছি, তাহাতে সময় যখন আসিবে, তখন যেন তোমার-দের স্মৃতি হয় যে আমি তাহা তোমারদিগকে কহিয়াছিলাম.

পেন্তকস্ত পর্ব্ব,

অর্থাৎ

ধর্ম্মাত্মার আগমনের স্মরণার্থ দিবস.

হে পরমেশ্বর, তুমি এই সময়ে আপন ধর্ম্মাত্মার দীপ্তি প্রদান করি-য়া আপন বিশ্বাসি লোকেরদের মনকে শিক্ষা করাইয়াছ; অতএব যে আমরা এই আত্মার দ্বারা সর্ব্বতোভাবে প্রকৃতার্থ বিচার করি এবং

তাঁহার পুণ্য সান্ত্বনাতে নিত্য২ আনন্দিত হই, ইহা আমারদের ত্রাণকর্ত্তা য়িশু খ্রীষ্ট যিনি তোমার আর এই আত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদা-সর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার পুণ্যের কারণ প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ২, পদ ১.

যখন পেন্তকস্ত দিবস পূর্ণ হইয়া আইল, তখন তাহারা সকলেই এক মনে একই স্থানে ছিল, এবং অকস্মাৎ স্বর্গহইতে প্রচণ্ড ঝঞ্ঝা বাতাসের ন্যায় একটা শব্দ আসিয়া, যে ঘরে তাহারা বসিয়াছিল, তাহা পরিপূর্ণ করিল. পরে তাহারদের স্থানে অগ্নিবৎ ভিন্ন২ জিহ্বা গুলা প্রত্যক্ষ হইয়া প্রত্যেক জনের উপরে বসিয়া থাকিল; এবং তাহারা সকলেই ধর্ম্মাত্মায় পরিপূর্ণ হইল, এবং অন্য২ ভাষাতে কথা কহিতে লাগিল, যেমত আত্মা তাহারদিগকে উক্তি করিবার সাধ্য দিলেন. সেই সময়ে স্বর্গের নীচে যাবতীয় দেশহইতেই য়িহুদী ভক্ত লোক য়িরোশলমে অবস্থান করিতেছিল. পরে এ কথার জনরব হইলে লোকারণ্য আসিয়া একত্র হইয়া চমৎকৃত হইল; কেননা প্রতি জন আপন২ দেশ ভাষায় তাহারদের কথা শুনিল, এবং সকলেই চমৎকৃত ও বিস্মিত হইয়া পরস্পর বলিতে লাগিল, যে দেখ, এ সকল যাহারা বলিতেছে, তাহারা নাকি গালিলীয় লোক নহে? তবে আমরা প্রতিজন আপন২ জন্মদেশ ভাষাতে তাহারদের কথা কেমন করিয়া শুনিতেছি? পার্ত্তী, ও মেদী, ও এলামী, এবং মেসোপোতা-মিয়া ও য়িহুদা ও কাপদোকিয়া ও পন্তস ও আসিয়া ও ফ্রিগিয়া ও পাম্ফিলিয়া ও মিসর ও কিরেণির নিকটাবর্ত্তী লিবিয়া দেশীয় ভাগ এ

সকল দেশনিবাসিরা এবং রুমী পুবাসিরা ও পুকৃত য়িহুদীরা এবং য়িহুদী মতাবলম্বিরা ও ক্রেতীয় ও আরবী আমরা আপনারদের নিজ ভাষায় ঈশ্বরের আশ্চর্য্য ক্রিয়া তাহারদের মুখে শুনিতেছি.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১৪, পদ ১৫.

য়িশু আপনার শিষ্যেরদিগকে কহিলেন, যদি আমাকে পেুম করহ, তবে আমার আজ্ঞা পালন কর. এবং আমি পিতার স্থানে পুার্থনা করিব; তাহার্তে তিনি তোমারদিগকে আর এক পুবোধকর্ত্তাকে দিবেন, যে তোমারদের সহিত নিরবধি থাকিবেক; তিনি সত্যময় আত্মা যাহাকে সংসার দেখেও না এবং জানেও না; এ নিমিত্তে তাঁহাকে গুহণ করিতে পারেও না; কিন্তু তোমরা তাঁহাকে জান; কেননা তিনি তোমারদের সঙ্গে থাকেন, এবং তোমারদের অন্তরে বর্ত্তিবেন. আমি তোমারদিগকে অনাথ করিয়া ছাড়িয়া যাইব না; আমি তোমারদের স্থানে আসিব. আর কিঞ্চিৎকাল গৌণ আছে; তৎপরে জগৎ আমাকে আর দেখিবে না; কিন্তু তোমরা আমাকে দেখিবা; কেননা আমি জীবন্ত থাকি; এই নিমিত্তে তোমরাও জীবন্ত থাকিবা. সে সময়ে তোমরা ইহা জানিবা, যে আমি আপন পিতার মধ্যে এবং তোমরা আমার মধ্যে ও আমি তোমারদের মধ্যে. যে আমার আজ্ঞা ধরে এবং পালন করে, সেই আমাকে পেুম করিতেছে, এবং যে আমাকে পেুম করে, তাহাকে আমার পিতা পেুম করিবে, এবং আমি তাহাকে পেুম করিব, ও তাহার কাছে আপনাকে পুকাশ করিব. তখন স্কারিওটা ভিন্ন যে অন্য য়িহুদা সে তাঁহাকে কহিল, হে পুভো, আপনি জগতের কাছে আপনাকে পুকাশ না করিয়া আমারদের কাছে কি রূপে আপনাকে পুকাশ করিবেন? য়িশু তাহাকে

উত্তর করিয়া কহিলেন, যদি কোন মনুষ্য আমাকে প্রেম করে, সে আমার কথা পালন করিবে; এবং আমার পিতা তাহাকে প্রেম করিবেন, এবং তাহার নিকট আসিয়া আমরা তাহার সহিত বাস করিব. যে আমাকে প্রেম করে না, সে আমার কথা রাখে না, এবং যে কথা তোমরা শ্রবণ কর, সে আমার নয়, কিন্তু আমার প্রেরণকর্ত্তৃ পিতার. এই সকল কথা আমি তোমারদের সহিত বর্ত্তমান থাকিতে কহিয়াছি. কিন্তু প্রবোধকর্ত্তা ধর্ম্মময় আত্মা যাহাকে পিতা আমার নামে পাঠাইবেন, তিনি তোমারদিগকে সকল কথা শিক্ষাইবেন, এবং যে কিছু আমি তোমারদিগকে কহিয়াছি, সে সকল তোমারদের স্মরণ করাইবেন. আমি তোমারদের স্থানে শান্তি রাখিয়া যাই; আমি আপনার শান্তি দি; সংসারের লোক যেমত দান করে, সেইরূপ আমি তোমারদিগকে দি না. তোমারদের অন্তঃকরণ দুঃখিত, কিম্বা ভয়ান্বিত না হউক. তোমরা শুনিয়াছ যে আমি তোমারদিগকে বলিলাম যে আমি যাইয়া আরবার তোমারদের নিকটে আসিব; তোমরা যদি আমাকে প্রেম করিতা, তবে আমি যে কহিলাম যে আমি পিতার নিকটে যাই, ইহাতে আহ্লাদিত হইতা; কেননা পিতা আমাহইতে গুরুতর আছেন. এবং তাহার হওনের পূর্ব্বে এখনি আমি তোমারদিগকে কহিয়াছি, যেন তাহার হওনের পরে তোমারদের প্রত্যয় হয়. এখনহইতে আমি তোমারদের সহিত বিস্তর আলাপ করিব না; কেননা এ জগতের অধিপতি আসিতেছে, কিন্তু আমাতে তাহার কিছু বিষয় নাই. কিন্তু জগত যেন ইহা জানে যে আমি পিতাকে প্রেম করিতেছি, এবং পিতা যেমত আমাকে আজ্ঞা দিয়াছেন, সেইমত আমি করি, এই নিমিত্তে আমি ইহা কহি.

পেন্তকস্ত পর্ব্বের পর সোমবার.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তুমি এই সময়ে আপন ধর্ম্মাত্মার দীপ্তি প্রদান করিয়া আপন বিশ্বাসি লোকেরদের মনকে শিক্ষা করাইয়াছ; অতএব যে আমরা এই আত্মার দ্বারা সর্ব্বতোভাবে প্রকৃতার্থ বিচার করি এবং তাঁহার পুণ্য সান্ত্বনাতে নিত্য২ আনন্দিত হই, ইহা আমারদের ত্রাণ কর্ত্তা য়িশু খ্রীষ্ট যিনি তোমার আর এই আত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার পুণ্যের কারণ প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ১০, পদ ৩৪.

পিতর মুখ খুলিয়া কহিতে লাগিল, আমি নিশ্চয় জানি যে ঈশ্বর তিনি প্রাণিরদের ভিন্নভাব করেন না, কিন্তু সকল দেশে যে জন তাঁহাকে ভয় করে এবং সত্যাচার করে, সে তাঁহার স্থানে গ্রাহ্য হয়. এই কথা য়িশু খ্রীষ্ট যিনি সকলের প্রভু তাঁহার দ্বারা শান্তির প্রচার করিয়া তিনি য়িশ্রাএলের সন্তানেরদের নিকট প্রেরণ করিলেন. য়োহন যে বাপ্‌টিস্ম প্রচার করিলেন, তাহার পরে যে কথার জনরব গালিলীহইতে আরম্ভ হইয়া য়িহুদা দেশ সমুদায়ে ব্যাপ্ত হইল, তাহা তোমরা জান, যে ঈশ্বর কি রূপে য়িশু নাজরেণীকে ধর্ম্মাত্মাতে ও শক্তিতে অভিষেক করিলেন; ও যে তিনি হিতকর্ম্ম করিতে এবং শয়তানের মর্দ্দিত সকলেরদিগকে স্বাস্থ্য দিতে ভ্রমণ করিলেন; কেননা ঈশ্বর তাঁহার সঙ্গে ছিলেন. এবং যে সকল ক্রিয়া তিনি য়িহুদীরদের দেশে ও য়িরোশলমের মধ্যে করিলেন, তাহার সাক্ষী আমরা

আছি. তাঁহাকে তাহারা বৃক্ষে টাঙ্গাইয়া বধ করিল. সেই ব্যক্তি-
কে ঈশ্বর তৃতীয় দিবসে উঠাইয়া প্রকাশ্যমান দেখাইয়া দিলেন, সকল
লোকের স্থানে নহে, কিন্তু ঈশ্বরের পূর্ব্ব নিযোজিত সাক্ষিরদের
স্থানে; সেই আমরাই যে তাঁহার মৃত্যুহইতে উত্থান পরে তাঁহার
সহিত ভোজনপান করিলাম. এবং সেই তিনি যিনি ঈশ্বরহইতে
নিযুক্ত হইয়া জীবৎ ও মৃত লোকেরদের বিচার কর্ত্তা হইয়াছেন,
এই কথা লোকেরদের মধ্যে প্রচার করিতে ও তাহার প্রমাণ দিতে
তিনি আমারদিগকে আজ্ঞা দিলেন. তাঁহার প্রতি সকল ভবিষ্যদ্বক্তৃগণ
প্রমাণ দেয় যে তাঁহার নাম দিয়া যে সকল তাঁহাতে বিশ্বাস করে,
সে পাপের মোচন পাইবে. পিতর এই কথা কহিতে২ যে সকল
বাণী শুনিতেছিল, তাহারদের উপর ধর্ম্মাত্মা পড়িলেন; এবং
বিশ্বাসকারী সুন্নতীরা যাহারা পিতরের সহিত আসিয়াছিল, তাহারা
ভিন্নদেশিরদের উপর ধর্ম্মাত্মার দান ঢালা যাওয়াতে চমৎকৃত হইল.
কেননা তাহারা তাহারদিগকে নানা ভাষা কহিতে এবং ঈশ্বরের
গুণানুবাদ করিতে শ্রবণ করিল. তখন পিতর উত্তর দিল, যে এ
সকল যাহারা আমারদের তত্তুল্য ধর্ম্মাত্মাকে প্রাপ্ত হইয়াছে, ইহার-
দের বাপ্টাইজ হইবার কারণ জল কেহ নাকি বারণ করিতে পারে?
পরে সে তাহারদের প্রভুর নামে বাপ্টাইজ হইবার কারণ আজ্ঞা
দিল. তখন তাহারা তাঁহাকে কএক দিবস থাকিতে প্রার্থনা করিল.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ৩, পদ ১৬.

ঈশ্বর জগৎকে এইমত প্রেম করিলেন যে তিনি আপন একটি ঔরস
পুত্রকেই প্রদান করিলেন, তাহাতে যে কেহ তাঁহার উপর বিশ্বাস

করে, সে যেন নষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়. কেননা জগৎকে দণ্ড করিবার নিমিত্তে ঈশ্বর আপন পুত্রকে জগতের মধ্যে প্রেরণ করিলেন না, কিন্তু তাঁহার দ্বারা জগতের নিস্তার হয়, ইহার নিমিত্তে. যে জন তাঁহার উপরে বিশ্বাস করে, সে দণ্ডের পাত্র হইবে না; কিন্তু যে বিশ্বাস না করে, সে এখনি দণ্ডের পাত্র হইয়াছে; কি জন্যে না সে ঈশ্বরের একটি ঔরস পুত্রের নামে বিশ্বাস করে নাই. এবং সে দণ্ড করণের কারণ এই, যে জগতের মধ্যে দীপ্তি আসিয়াছে, কিন্তু মনুষ্যেরদের ক্রিয়া মন্দ, এই কারণ তাহারা দীপ্তিহইতে অন্ধকারকে ভাল বাসে; কেননা যে কেহ মন্দ করে, সে দীপ্তিকে মন্দ বাসে, এবং তাহার নিকটে আইসেও না, পাছে আপন ব্যবহার দূষিত বা হয়. কিন্তু যে সৎকর্ম্ম করে, সে দীপ্তির নিকটে আইসে, যে আপন ক্রিয়া ঈশ্বরেতে করা গিয়াছে, তাহা যেন ব্যক্ত হয়.

পেন্তকস্ত পর্ব্বের পর মঙ্গলবার.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তুমি এই সময়ে আপন ধর্ম্মাত্মার দীপ্তি প্রদান করিয়া আপন বিশ্বাসি লোকেরদের মনকে শিক্ষা করাইয়াছ; অতএব যে আমরা এই আত্মার দ্বারা সর্ব্বতোভাবে প্রকৃতার্থ বিচার করি এবং তাঁহার পুণ্য সান্ত্বনাতে নিত্যং আনন্দিত হই, ইহা আমারদের ত্রাণকর্ত্তা যিশু খ্রীষ্ট যিনি তোমার আর এই আত্মার সঙ্গে এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব করেন, তাঁহার পুণ্যের কারণ প্রদান করহ. আমেন.

পত্রের বদলে. ক্রিয়া. পর্ব্ব ৮, পদ ১৪.

য়িরোশলমস্থ প্রেরিতেরা যখন শুনিল যে শমরুণীয়েরা ঈশ্বরের বাণী গ্রহণ করিয়াছে, তখন তাহারা পিতর ও য়োহনকে তাহারদের নিকটে পাঠাইয়া দিল, এবং ইহারা যাইয়া উত্তরিয়া তাহারদের ধর্ম্মাত্মার প্রাপ্তির নিমিত্তে তাহারদের কারণ প্রার্থনা করিল. কেননা তখন পর্য্যন্ত তিনি তাহারদের কাহার উপর পড়েন নাই; তাহারা কেবল প্রভু য়িশুর নামে বাপ্টাইজিত হইয়াছিল. তখন তাহারা তাহারদের উপর হাত দিলে পরে তাহারা ধর্ম্মাত্মাকে পাইল.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ১০, পদ ১.

সত্য ২ আমি কহি তোমারদিগকে, দ্বার দিয়া যে জন মেষখোঁয়াড়ে প্রবেশ করে না, কিন্তু আর কোন পথ দিয়া চড়ে, সেই চোর ও ডাকাইত; কিন্তু দ্বার দিয়া যে প্রবেশ করে, সেই মেষের পালক. দ্বারী তাহার কারণ দ্বার খুলিয়া দেয়, এবং মেষ তাহার রব শুনে, এবং সে আপনার মেষ সকল নামে ২ ডাকিয়া বাহিরে আনে. এবং সে আপনার মেষ সকল বাহির করিয়া তাহারদের অগ্রসর হইয়া যায়, এবং মেষ তাহার পাছে ২ চলে; কেননা তাহার রব তাহারা জানে; এবং অন্যের পাছে তাহারা যাইবে না, কিন্তু তাহার নিকট-হইতে পলায়ন করিবে; কেননা অন্যের রব তাহারা জানে না. য়িশু এই উপমা তাহারদিগকে কহিলেন; কিন্তু তাহারা বুঝিল না, যে তিনি কি বিষয়ের কথা কহিয়াছিলেন. তখন য়িশু পুনরায় তাহারদিগকে বলিতে লাগিলেন, সত্য ২ আমি তোমারদিগকে কহি, আমিই মেষখোঁয়াড়ের দ্বার; আমার পূর্ব্বে যতেক আইল, সকলে

চোর ও ডাকাইত; কিন্তু মেষ সকল তাহারদের কথা শুনিল না. আমিই দ্বার; আমা দিয়া যদি কেহ প্রবেশ করে, সে রক্ষা পাইবে, এবং ভিতরে বাহিরে গমনাগমন করিয়া চরাণি পাইবে. চোর যে সে চৌর্য্য ও বধ ও বিনাশ করণ ব্যতিরেকে অন্য নিমিত্তে আইসে না; আমি আসিয়াছি, যেন তাহারদের জীবন হয় এবং তাহার বাহুল্যতাও হয়.

ত্রৈকত্ব,

অর্থাৎ

অদ্বিতীয় ঈশ্বরের ঈশ্বরত্বে তিন ব্যক্তি

হওনের ধ্যানার্থ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, তোমার দাস যে আমরা সত্য বিশ্বাস রাখিয়া তোমার গুণময় ঈশ্বরত্বে যে আদিরহিত তিন ব্যক্তি আছেন, এবং এই তিন ব্যক্তি যে কেবল এক ঈশ্বর আছেন, ইহা স্বীকার করিয়া তদনুসারে তোমার উপাসনা যে করি, এই ধর্ম্ম প্রসাদ আমারদিগকে দিয়াছ; অতএব আমরা তোমাকে বিনতি করিতেছি, যে আমারদিগকে এই বিশ্বাসে স্থির করিয়া রাখ; এবং সকল বিপদহইতে আমারদিগকে রক্ষা করহ; কেননা তুমি এক ঈশ্বর হইয়া সদাসর্ব্বক্ষণ জীবন্ত থাকিয়া রাজত্ব কর. আমেন.

পত্রের বদলে. দৈব্য প্রকাশিত. পর্ব্ব ৪, পদ ১.

তদনন্তর আমি অবলোকন করিয়া দেখিলাম, যে স্বর্গেতে এক দ্বার

খোলা আছে, এবং যে প্রথম শব্দ আমি শুনিলাম, সে আমার সহিত বাক্যবাদি তূরীর শব্দের ন্যায় ছিল, এবং সে শব্দ বলিল, যে তুমি উঠিয়া এখানে আইস, এবং আমি তোমাকে ভবিষ্যৎ ঘটনা দেখাইব. এবং তৎক্ষণাৎ আমি আত্মাগত হইলাম. আর দেখ, স্বর্গেতে এক সিংহাসন স্থাপিত ছিল, এবং তাহার উপর এক ব্যক্তি বিরাজমান আছেন, এবং সে বিরাজিত ব্যক্তি সূর্য্যকান্ত ও আকীক মণির ন্যায় দেখা দিলেন, এবং সেই সিংহাসনের চতুর্দ্দিগে এক মেঘধনুক যে হরিন্মণির মত দেখাইল. এবং সেই সিংহাসনের চতুর্ভিতে চতুর্বিংশতি আসন, ও সেই আসনের উপর শুক্ল বস্ত্র পরা ও স্বমস্তকের উপর স্বর্ণ মুকুট ধরা চতুর্বিংশতি প্রাচীনেরদিগকে আমি উপবিষ্ট দেখিলাম. এবং সেই সিংহাসনহইতে বিদ্যুৎ ও মেঘগর্জ্জন ও রবাদি নির্গত হইল, এবং সিংহাসনের অগ্র দিগে নিত্য প্রজ্বলিত সপ্ত অগ্নি প্রদীপ অর্থাৎ ঈশ্বরের সপ্ত আত্মা. এবং সিংহাসনের অগ্রে স্ফটিকের ন্যায় এক কাচ সমুদ্র ছিল; এবং সিংহাসনের মধ্যে ও সিংহাসনের চতুর্দ্দিগে অগ্রে ও পশ্চাৎ দুই দিগে চক্ষুপূর্ণ চারি জন্তু ছিল. প্রথম জন্তু সিংহের ন্যায়, দ্বিতীয় জন্তু বাছুরের সদৃশ, তৃতীয় জন্তুর মনুষ্যস্বরূপ বদন ছিল, এবং চতুর্থ জন্তু উড্ডীয়মান কুরল পক্ষির সদৃশ. এবং সেই চারি জন্তু প্রত্যেকে স্বশরীর বেষ্টন করিয়া ছয়২ পাখাতে যুক্ত ছিল, এবং তাহারা ভিতরেও চক্ষুপূর্ণ; এবং তাহারা অহর্নিশি অবিরত কহে, যে ধর্ম্ম ধর্ম্ম ধর্ম্মময় প্রভু ঈশ্বর সর্ব্বশক্তিমান যিনি ভূত ও বর্ত্তমান ও ভবিষ্যৎ. এবং সে চারি জন্তু সেই সিংহাসনে বিরাজিত ব্যক্তি যিনি নিত্যজীবিত তাঁহার প্রশংসা ও সম্মান ও ধন্যবাদ যখন

করে, তখন সে চতুর্ব্বিংশতি প্রাচীনগণ সেই সিংহাসনে বিরাজিত ব্যক্তির সম্মুখে পড়িয়া সেই নিত্যজীবিত ব্যক্তির ভজনা করে; এবং আপনারদের মুকুট সকল সিংহাসনের অগ্রে ফেলিয়া দিয়া কহে, হে প্রভো, তুমি প্রতাপ ও সম্মান ও মহিমা পাইতে যোগ্য বট; কেননা তুমি সকল বস্তুকে সৃষ্টি করিয়াছ, এবং তোমার ইচ্ছায় তাহারা হয়, ও সৃষ্ট ছিল.

মঙ্গলসমাচার. য়োহন. পর্ব্ব ৩, পদ ১.

নিকদেমস নামে এক ফারসী য়িহুদী লোকের মধ্যে এক জন প্রধান ছিল. সে রাত্রি সময়ে য়িশুর নিকটে আইল, এবং তাঁহাকে বলিতে লাগিল, হে রাব্বি, আমরা জানি যে আপনি ঈশ্বরের নিকটহইতে আগত এক জন গুরু বটেন; কেননা যে আশ্চর্য্য ক্রিয়া আপনি করিতেছেন, ঈশ্বর তাহার সহিত না হইলে কোন কেহ সে ক্রিয়া করিতে পারে না. য়িশু প্রত্যুত্তর করিয়া তাহাকে কহিলেন, সত্য২ আমি বলি তোমাকে, মানুষ পুনর্ব্বার জাত না হইলে সে ঈশ্বরের রাজ্যকে দেখিতে পারিবেক না. নিকদেমস তাঁহাকে বলিল, মানুষের বৃদ্ধাবস্থা হইলে সে কেমন করিয়া জাত হইতে পারে? সে কি আরবার আপনি মাতার উদরে প্রবেশ করিয়া জাত হইতে পারে? য়িশু উত্তর করিলেন, সত্য২ আমি তোমাকে কহি, জল ও আত্মাহইতে মানুষের জন্ম না হইলে সে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করিতে পারিবে না. যাহা মাংসহইতে উদ্ভব, তাহা মাংসই; এবং যাহা আত্মাহইতে উদ্ভব, তাহা আত্মাই. ইহাতে তুমি আশ্চর্য্য জ্ঞান করিও না যে আমি বলিলাম, তোমারদের আরবার জন্মিবার আবশ্যক

আছে. বাতাস যে দিগে ইচ্ছা করে, সে দিগে বহে, এবং তুমি তাহার শব্দ শুনিতে পাও; কিন্তু কোথাহইতে আইসে, কিম্বা কোথায় যায়, তাহা তুমি বলিতে পার না; এই মতও আত্মাহইতে জাত প্রত্যেক জন হয়. নিকদেমস উত্তর করিয়া কহিল, এই কর্ম্ম কি রূপে হইতে পারিবে? য়িশু তাহাকে প্রত্যুত্তর করিয়া কহিলেন, তুমি য়িশ্রাএলের এক জন গুরু হইয়াও কি এই কথা জান না? সত্য ২ আমি তোমাকে কহি, আমরা যাহা জানি, তাহা কহি, এবং যাহা দেখিয়াছি, তাহার প্রমাণ দিতেছি; কিন্তু আমারদের প্রমাণ তোমরা স্বীকার কর না. আমি তোমারদিগকে সাংসারিক কথা কহিলে যদি বিশ্বাস না কর, তবে স্বর্গীয় কথা কহিলে তোমরা কেমনে বিশ্বাস করিবা? এবং স্বর্গেতে কোন মনুষ্য উঠে নাই সেই ব্যতিরেক যে স্বর্গহইতে নামিল; সে মনুষ্য পুত্রই যে স্বর্গতে বর্ত্তমান আছে. এবং মহাপ্রান্তরে মোশে যেমত সর্পকে উর্দ্ধে উঠাইলেন, সেইমত মনুষ্য পুত্রের উত্থান হইতে হয়, তাহাতে যে কেহ তাঁহার উপর বিশ্বাস করে, সেই যেন নষ্ট না হয়, কিন্তু অনন্ত জীবন পায়.

ত্রোকত্বের পর প্রভুর প্রথম দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, যাহারা তোমাকে আশ্রয় করে, তাহারদিগকে তুমি বল দিতেছ; দয়া পূর্ব্বক আমারদের প্রার্থনা গ্রহণ করহ; আমারদের মর্ত্ত্য স্বভাবের দুর্ব্বলতার নিমিত্তে আমরা তোমাব্যতিরেক কিছু ভাল কর্ম্ম করিতে পারি না, এই কারণ আপন অনুগ্রহ দিয়া আমার-দিগকে সাহায্য করহ, তাহাতে আমরা যেন তোমার আজ্ঞা সকল

পালন করিয়া আপনারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা ইচ্ছা ও ক্রিয়া এই উভয়েতে তোমার সন্তোষ জন্মাই. আমেন.

পত্র. ১ য়োহন. পর্ব্ব ৪, পদ ৭.

হে প্রিয়েরা, আমরা পরস্পর যেন প্রেম করি; কেননা প্রেম ঈশ্বর-হইতে হয়, এবং যাহারা প্রেম করে, তাহারা প্রত্যেক জন ঈশ্বর-হইতে জাত হয়, এবং ঈশ্বরকে জানে. যে জন প্রেম না করে, সে ঈশ্বরকে জানে না; কেননা ঈশ্বরই প্রেম আছেন. আমারদের প্রতি ঈশ্বরের প্রেম ইহাতে ব্যক্ত করা গেল, যে ঈশ্বর আপন এক জাত পুত্রকে জগতের মধ্যে প্রেরণ করিলেন, যেন তাঁহার দ্বারা আমরা জীবন প্রাপ্ত হই. ইহাতে প্রেম হয়, যে আমরা তাঁহাকে প্রেম করিলাম, তাহা নয়, কিন্তু যে তিনিই আমারদিগকে প্রেম করিলেন এবং আপন পুত্রকে আমারদের পাপের প্রায়শ্চিত্ত হইবার কারণ প্রেরণ করিলেন. হে প্রিয়েরা, ঈশ্বর যদি আমারদিগকে এমত প্রেম করিলেন, তবে আমারদের পরস্পর প্রেম করা কর্ত্তব্য. ঈশ্বরকে কেহ কখনও দেখে নাই. যদিতু আমরা পরস্পর প্রেম করি, তবে ঈশ্বর আমারদের মধ্যে থাকেন, এবং তাঁহার প্রেম আমারদের মধ্যে সিদ্ধ হয়. যে তিনি আমারদিগকে আপন আত্মার সঙ্গ দিয়াছেন; ইহাতে আমরা জানি যে আমরা তাঁহার মধ্যে থাকি, ও যে তিনি আমারদের মধ্যে থাকেন, এবং যে পিতা পুত্রকে জগতের ত্রাণকর্ত্তা করিয়া প্রেরণ করিলেন, ইহা আমরা দেখিয়াছি ও প্রমাণ দিতেছি. যে কেহ যিশুকে ঈশ্বরের পুত্র করিয়া স্বীকার করে, তাহার মধ্যে ঈশ্বর থাকেন, এবং সেও ঈশ্বরের মধ্যে থাকে. এবং ঈশ্বরের প্রেম যে আমারদের

প্রতি আছে তাহা আমরা জানি ও প্রত্যয় করি. ঈশ্বর প্রেমই আছেন; এবং যে জন প্রেমেতে থাকে, সে ঈশ্বরের মধ্যে থাকে, এবং ঈশ্বরও তাহার মধ্যে. ইহাতে আমারদের প্রেম সিদ্ধ হয়, যে বিচারের দিবসে আমারদের সাহস থাকে; কেননা যেমত তিনি আছেন, সেইমত আমরাও এই জগতে আছি. প্রেমেতে কিছু ভয় নাই, কিন্তু প্রেম সিদ্ধ হইয়া ভয় দূর করে; কেননা ভয়েতে বেদনা আছে; যে জন ভয় করে, সে প্রেমেতে সিদ্ধ নহে. তিনি প্রথমে আমারদিগকে প্রেম করিলেন; এই নিমিত্তে আমরা তাঁহাকে প্রেম করিতেছি. কেহ আপনার ভ্রাতাকে মন্দ বাসিয়া যদি বলে, যে আমি ঈশ্বরকে প্রেম করি, তবে সে মিথ্যাবাদী হয়; কেননা আপনার ভাই যাহাকে দেখিয়াছে, তাহাকে যে প্রেম করে না, সে যাঁহাকে না দেখিয়াছে এমন ঈশ্বরকে কি রূপে প্রেম করিতে পারে? এবং তাঁহাহইতে আমরা এই আজ্ঞা পাইয়াছি, যে ঈশ্বরকে যে কেহ প্রেম করে, সে আপন ভ্রাতাকেও প্রেম করে.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১৬, পদ ১৯.

এক জন ধনবান ছিল যে বাগুনীয় বর্ণ এবং মেঁহি বস্ত্র পরিধান করিয়া প্রত্যহ পরিপাটি রূপ সুভোগ করিত. এবং লাজার নামে এক দরিদ্র সর্ব্বাঙ্গ ঘায়েতে পূর্ণ হইয়া তাহার দ্বারের নিকটে পতিত এবং সে ধনবানের ভোজন মেজের ঝাড়াঝড়াতে পোষিত হইতে ইচ্ছুক থাকিত; অপর কুক্কুর সকল আসিয়া তাহার ঘা চাটিত. অনন্তর সে দরিদ্র মরিয়া গেল, এবং স্বর্গীয় দূতগণ তাহাকে লইয়া গিয়া অবরাহামের ক্রোড়ে রাখিল; সেই ধনবানও মরিল, এবং গাড়া

গেল. পরে সে নরকে ব্যথিত হইয়া চক্ষু উঠাইয়া অবরাহামকে এবং তাহার ক্রোড়ে লাজারকে অতি দূরহইতে দেখিল. তখন সে চেঁচাইয়া কহিল, হে পিতঃ অবরাহাম, আমাকে দয়া করিয়া অঙ্গুলির অগ্রভাগ জলে ডুবাইয়া আমার জিহ্বা স্নিগ্ধ করিতে লাজারকে পাঠাইয়া দেউন; কেননা এই অগ্নির শিখাতে আমি ব্যথিত আছি. কিন্তু অবরাহাম কহিল, হে পুত্র, স্মরণ কর, তুমি জীবন সময়ে আপন ভাল বস্তু পাইয়াছিলা, এবং লাজার আপন মন্দ বস্তু পাইয়াছিল; কিন্তু সম্প্রতি সে সান্ত্বনা পায়, তুমি যন্ত্রণা. অপর এ সকল ছাড়া আমারদের এখানের ও তোমারদের ওখানের মধ্যে একটা মহা অগাধ আছে, তাহাতে যে এখনহইতে তোমারদের নিকটে যাইতে ইচ্ছা করে, সে পারিবে না, এবং ওখানে যে থাকে, সে এখানেও আসিতে পারিবে না. তখন সে কহিল, হে পিতঃ, তবে আমি কাকুতি করি যে আমার পিতৃর ঘরে তাহাকে পাঠাইয়া দেন; কেননা আমার পাঁচ ভাই আছে, ও তাহারা এই যন্ত্রণার স্থানে যেন না আইসে, তিনি তাহারদিগকে প্রামণ দিয়া বুঝাইয়া দিউন. অবরাহাম তাহাকে কহিল, মোশে এবং ভবিষ্যদ্বক্তৃগণ তাহারদের স্থানে আছে; উহারদের বাণী শুনুক. তখন সে কহিল, না, পিতঃ অবরাহাম, কিন্তু মৃত্যুহইতে যদি তাহারদের স্থানে কেহ যায়, তবে তাহারা মন ফিরাইবেই. কিন্তু তিনি কহিলেন, যদি তাহারা মোশে এবং ভবিষ্যদ্বক্তারদের বাণী না শুনে, তবে মৃত্যুহইতে এক জন উঠিলেও তাহারা প্রবোধ মানিবে না.

ত্রেকত্বের পর প্রভুর দ্বিতীয় দিবস.

প্রার্থনা.

হে প্রভো, তুমি যাহারদের মনেতে আপনার প্রাত ভয় ও প্রেম দৃঢ় মতে রাখিতেছ, তাহারদিগকে নিত্যং সাহায্য করিতেছ ও সুশাসিত রাখিতেছ; অতএব আমরা তোমাকে বিনতি করিতেছি যে আপনার ভাল তত্ত্বাবধারণে আমারদিগকে সর্ব্বদা রক্ষা করহ, এবং যাহাতে তোমার পুণ্য নামে অনবরত ভয় ও প্রেম করি, এমত ধর্ম্ম-প্রসাদ আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে দেও. আমেন.

পত্র. ১ য়োহন. পর্ব্ব ৩, পদ ১৩.

হে আমার ভ্রাতারা, যদিতু জগৎ সংসার তোমারদিগকে মন্দ বাসে, তাহাতে তোমরা আশ্চর্য্য জ্ঞান করিও না. আমরা তো ভ্রাতৃগণকে প্রেম করি, এই নিমিত্তে আমরা জানি যে মৃত্যুহইতে আমরা জীবনেতে উত্তীর্ণ হইয়াছি; যে জন আপন ভ্রাতাকে প্রেম না করে, সে মৃত্যুতে থাকে. যে কেহ আপন ভ্রাতাকে মন্দ বাসে, সে হন্তা আছে, এবং তোমরা জান যে কোন হন্তাতে অনন্ত জীবন থাকে না. ইহাতে আমরা তাঁহার প্রেম জানি যে তিনি আমারদের কারণ আপনার প্রাণকে সমর্পণ করিয়াছেন, এবং ভ্রাতৃগণের কারণ আপনারদের প্রাণকে সমর্পণ করা আমারদেরও উপযুক্ত আছে. অতএব যে কেহ এ সংসারের সম্পত্তির অধিকারী হইয়া আপন ভ্রাতার নির্ব্বাহের অভাব দেখিয়া তাহার প্রতি আপন অন্তরস্থ ভাণ্ডারকে রুদ্ধ করে, এমন জনেতে, ঈশ্বরের প্রেম কিমতে থাকে? হে আমার বাছারা, আমরা বাক্যেতে ও মুখেতে

প্রেম না করিয়া ক্রিয়াতে ও সত্যেতে যেন করি. ইহাতেই আমরা জানি যে আমরা সত্যের সম্পর্কে আছি এবং তাঁহার সাক্ষাতে আপনারদের অন্তঃকরণ স্থির করিয়া রাখিব. কেননা যদি আমারদের অন্তঃকরণ আমারদিগকে দোষী করে, তবে ঈশ্বর আমারদের অন্তঃকরণহইতে মহৎ আছেন ও সকলি জানেন. হে প্রিয়েরা, যদি আমারদের অন্তঃকরণ আমারদিগকে দোষী না করে, তবে ঈশ্বরের প্রতি আমারদের নির্ভয় আছে. এবং যে কিছু আমরা যাচ্ঞা করি, তাহা আমরা তাঁহার নিকটে পাইতেছি; কেননা আমরা তাঁহার আজ্ঞা পালন করিতেছি, এবং যে২ কর্ম্ম তাঁহার দৃষ্টিতে তোষণীয় হয়, তাহা আমরা পালিতেছি. এবং তাঁহার আজ্ঞা এই যে আমরা তাঁহার পুত্র যিশু খ্রীষ্টের নামে প্রত্যয় করি ও পরস্পর প্রেম করি, যদনুক্রমে তিনি আমারদিগকে ভারিয়া দিয়াছেন. এবং যে জন তাঁহার আজ্ঞা পালন করে, সে তাঁহাতে থাকিতেছে, ও তিনি সেই জনেতে থাকিতেছেন; এবং তিনি আমারদিগকে যে আত্মা দিয়াছেন, ইহাতে আমরা জানি যে তিনি আমারদিগেতে থাকিতেছেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১৪, পদ ১৬.

এক মনুষ্য বড় এক রাত্রিভোজ্য করিয়া অনেকের নিমন্ত্রণ করিল. পরে ভোজন সময়ে এক ভৃত্য দিয়া নিমন্ত্রিতেরদিগকে কহিয়া পাঠাইল, যে আইস, সকল সামগ্রী প্রস্তুত হইয়াছে. তাহাতেই সকলেই এক বাক্যে ওজর করিতে লাগিল. প্রথম জন কহিল যে আমি এক খান ভূমি কিনিয়াছি, এবং তাহা দৃষ্টি করিতে আমার যাওনের আবশ্যক আছে; আমাকে ক্ষমা করিতে আজ্ঞা হউক. আর একটা

কহিল, আমি পাঁচ জোড়া বলদ ক্রয় করিয়াছি, এবং তাহার পরখ করিতে যাইতেছি; আমাকে ক্ষমা করিতে আজ্ঞা হউক. আর একটা কহিল, আমি এক কন্যাকে বিবাহ করিয়াছি; অতএব যাইতে পারিব না. তখন সে ভৃত্য যাইয়া আপন প্রভুকে এ সকল কথা জানাইল. তাহাতে ঘরের কর্ত্তা সকোপ হইয়া আপন ভৃত্যকে কহিল, শীঘ্র করিয়া নগরের সড়ক ও গলীতে যাইয়া দরিদ্র ও অবশাঙ্গ ও খোঁড়া এবং অন্ধেরদিগকে এখানে আনগা. পরে সে ভৃত্য কহিল, হে প্রভু, আপনি যেমত আজ্ঞা করিলেন, সেমত হইল; তথাপিও স্থান আছে. তখন সে স্বামী সে ভৃত্যকে কহিল, তুমি রাজপথ ও বেড়ে যাইয়া তাহারদিগকে আকর্ষণ করিয়া আন, যেন আমার ঘর পূর্ণ হয়; কেননা আমি কহি, ঐ নিমন্ত্রিত জনের মধ্যে কেহ আমার রাত্রিভোজ্য চাকিতে পাইবে না.

ত্রেকত্বের পর প্রভুর তৃতীয় দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি যে দয়া পূর্ব্বক আমারদের নিবেদন শুন, এবং যে রূপ প্রার্থনা করিবার কারণ একান্ত বাসনা আমারদিগকে দিয়াছ, সেই রূপ আপন বলবৎ সাহায্যের দ্বারা সকল সঙ্কটে ও দুর্গতিতে আমারদিগকে রক্ষা ও সান্ত্বনা করহ. আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ. আমেন.

পত্র. ১ পিতর. পর্ব্ব ৫, পদ ৫.

তোমরা সকলেই এক জন অন্যের বশে থাক, এবং নম্রতাকে

পরিধান করহ; কেননা ঈশ্বর অহঙ্কারিরদিগকে রোধ করেন, কিন্তু নম্র লোকেরদিগকে প্রসাদ দেন. অতএব তোমরা ঈশ্বরের প্রবল ভুজের নীচে নত হইয়া থাক, তাহাতে তিনি সময়ানুক্রমে তোমারদিগকে যেন উন্নত করেন. তোমারদের সমস্ত চিন্তা তাঁহার উপর রাখিয়া দেও; কেননা তিনি তোমারদের কারণ চিন্তা করেন. সবোধ হও, সচেতন থাক; কেননা কাহাকেও খাইয়া ফেলিতে পারে, এই অন্বেষণ করিয়া তোমারদের বিপক্ষ শয়তান গর্জ্জনকারী সিংহের ন্যায় বেড়াইতেছে. অতএব প্রত্যয়েতে দৃঢ় হইয়া তাহাকে প্রতিরোধ করহ, এবং যে তোমারদের সংসারস্থ ভ্রাতৃগণেরদিগকে তত্তুল্য ক্লেশ পূর্ণরূপে ঘটে, ইহা জ্ঞাত হও. কিন্তু সর্ব্বপ্রসাদ দাতা ঈশ্বর যিনি য়িশু খ্রীষ্টের দ্বারা আমারদিগকে আপনার অনন্ত ঐশ্বর্য্যেতে আহ্বান করিয়াছেন, তিনি কিঞ্চিৎ কালের দুঃখভোগকারী তোমারদিগকে সিদ্ধ ও স্থির ও দৃঢ় ও স্থায়ী করুন; তাঁহার প্রভাব ও প্রভুত্ব সদাসর্ব্বক্ষণ হউক. আমেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১৫, পদ ১.

তখন পাটওয়ারী ও পাপি সকল তাঁহার কথা শুনিতে নিকটে আইল. পরে ফারসী ও অধ্যাপকগণ বচসা করিতে লাগিল, যে এই মানুষ তো পাপি লোকেরদিগকে আগ্রহ করিতেছে এবং তাহারদের সঙ্গে খাইতেছে. তখন তিনি এই দৃষ্টান্ত তাহারদিগকে কহিলেন, যে তোমারদের মধ্যে কোন জনের যদি এক শত মেষ থাকে ও তাহারদের মধ্যে যদি একটা মেষ হারিয়া যায়, তবে সে নিরানব্বই গুলা প্রান্তরে ছাড়িয়া, সেই নিরুদ্দেশ্যের উদ্দেশ যাবৎ না পায়, তাবৎ

তাহার পাছে ২ যাইবে কি না? এবং তাহার উদ্দেশ পাইলে পরে, সে হর্ষিত মনে তাহা স্কন্ধে করিয়া স্বস্থানে আসিয়া আপন বন্ধু ও পড়সীলোক সকলকে, আহ্বান করিয়া তাহারদিগকে কহে, যে তোমরা আমার সঙ্গে উল্লাস করহ; কেননা আমি আপন হারাণ্যা মেষ পাইয়াছি. সেইমৎ আমি কহি, যে স্বর্গেতে এক জন পাপি মন ফিরাণ্যার উপর যেমত আনন্দ হয়, সেইমত মন ফিরাণেতে অনাবশ্যাক নিরানব্বুই জন ধার্ম্মিকেরদের উপর হয় না. কিম্বা কোন স্ত্রীলোক দশ খান রূপ্য ধারী যদি এক খান রূপ্য হারায়, তবে সে পুদীপ জ্বালিয়া ঘর ঝাড়িয়া, যাবৎ না পায়, তাবৎ তাহার অন্বেষণ যত্নরূপে করিবে কি না? এবং পাইলে পরে সে আপন বন্ধু ও পড়সীগণকে স্বনিকটে ডাকিয়া কহে, যে আমার সহিত উল্লাস কর; কেননা যে খান হারাইয়াছিলাম, তাহা পাইলাম. সেইমত আমি তোমারদিগকে কহি, এক জন পাপি মন ফিরাণ্যার উপর ঈশ্বরের দূতগণের মধ্যেও আনন্দ আছে.

ত্রোকত্ত্বের পর পুভুর চতুর্থ দিবস.

পুার্থনা.

হে পরমেশ্বর, যাহারা তোমাকে আশ্রয় করে, তাহারদিগকে তুমি রক্ষা করিতেছ, তোমাব্যতিরেক কোন বস্তু বলবৎ ও পুণ্য হয় না; আমারদিগকে আর ২ ধর্ম্মপুসাদ দেও, তাহাতে আমরা তোমার তত্ত্বাবধারণে উপদিষ্ট ও সুশাসিত হইয়া যেন এই পুকার সাংসারিক বস্তু ভোগ করি, যাহাতে শেষে পারমার্থিক সুখের ত্রুটি না হয়. হে স্বর্গস্থ পিতঃ, আমারদের পুভু খ্রিস্তর নিমিত্তে এই পুদান করহ. আমেন.

পত্র. রুমী. পর্ব্ব ৮, পদ ১৮.

আমি গণনা করি, আমারদের স্থানে যে বৈভব প্রকাশিত হইবে, তাহার সহিত এ বর্ত্তমান কালের দুঃখ ভোগ তুলনা পাইবার যোগ্য নহে. কেননা ঈশ্বরের পুত্ত্রেরদের প্রকাশ হওনের অপেক্ষা করিয়া সৃষ্টি একান্ত প্রত্যাশায় থাকিতেছে. কেননা সৃষ্টি ব্যর্থের বশীভূতা হইল, স্বেচ্ছা পূর্ব্বক নয়, কিন্তু তাঁহার দ্বারা, যিনি তাহাকে এই ভরসায় বশীভূত করিয়া দিলেন, যে সৃষ্টি আপনি নাশের দাসত্বহই-তে ঈশ্বরের সন্তানেরদের পরম মুক্তিতে উত্তীর্ণ হইবে. কেননা আমরা জানি যে এখন পর্য্যন্ত সৃষ্টি সমুদায় কোঁকাইতেছে, এবং প্রসবের ন্যায় বেদনাতে ব্যাকুল হইয়া আসিতেছে. তাহা কেবল নহে, কিন্তু আমরা যে আত্মার প্রথম ফল পাইয়াছি, আমরা আপ-নারাই পোষ্য পুত্ত্রতা অর্থাৎ শরীরের উদ্ধারের অপেক্ষা করিতে২ আপনারদের অন্তরে কোঁকাইতেছি.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ৬, পদ ৩৫.

অতএব তোমারদের পিতা যেমত দয়ালু, সেইমত তোমরাও দয়ালু হও. দোষ বিচার করিও না, তবে তোমারদের দোষ বিচার হইবে না; দোষ বর্ত্তাইও না, তবে তোমারদের দোষ বর্ত্তন হইবে না; ক্ষমা কর, তবে তোমরা ক্ষমা পাইবা; দেও, তবে তোমারদের কাছে দেওয়া যাইবে; ঠাসা ঝাকা এবং উবরা সুন্দর পরিমাণ তোমারদের কোঁচাতে দত্ত হইবে; কেননা যে পরিমাণ দ্বারা তোমরা মাপিয়া দেও, তাহার দ্বারা তোমারদের স্থানে পুনশ্চ পরিমিত হইবে. পরে তিনি তাহারদিগকে এক উপমা কহিলেন, অন্ধ কি

অন্ধকে পথ দেখাইতে পারে? সে উভয় কি গর্ত্তে পড়িবে না? গুরু-হইতে শিষ্য বড় নহে; কিন্তু সিদ্ধ হইলে প্রত্যেক জন আপন গুরুর মত হইবে. কিন্তু আপন চক্ষুতে যে ঢেঁকি আছে, তাহা না দেখিয়া, তোমার ভ্রাতার চক্ষুতে যে গুঁড়া আছে, তাহার প্রতি কেন অবলোকন করহ? অপর তুমি আপন চক্ষুর ঢেঁকি না দেখিয়া তোমার ভাইকে কেমনে বলিতে পারিবা, যে রহ, ভাই, আমি তোমার চক্ষু-হইতে গুঁড়া বাহির করিয়া দি? হে কপট লোক, প্রথমে আপন চক্ষু-হইতে ঢেঁকিটা বাহির করিয়া ফেলিয়া দেও; পরে তোমার ভ্রাতার চক্ষুতে যে গুঁড়া আছে, তাহা নির্গত করিতে প্রসন্ন দৃষ্টি পাইবা.

ত্র্যেকত্বের পর প্রভুর পঞ্চম দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি যে আপন তত্ত্বাবধারণে এই সংসারের ধারা সকল এমত শান্তরূপে গতি করাও, যে তোমার মণ্ডলী নির্ব্বিঘ্নে ও ধর্ম্মরূপে সন্তোষ পূর্ব্বক তোমার সেবা করিতে পারে. ইহা আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা প্রদান করহ. আমেন.

পত্র. ১ পিতর. পর্ব্ব ৩, পদ ৮.

সকলেই এক মনা হও, পরস্পরে সকরুণ ও ভ্রাতৃক প্রেমেতে পূর্ণ ও দয়াশীল ও সানুকূল হও. মন্দের বদলে মন্দ করিয়া কিম্বা নিন্দার বদলে নিন্দা করিয়া প্রতীকার করিও না; বরং তাহা না করিয়া আশীর্ব্বাদ দেও; কেননা তোমরা জানহ যে এক আশীর্ব্বাদীয় উত্তরা-

ধিকার পাইতে তোমরা আহ্বানিত ছিলা. কেননা যে কেহ জীবনে প্রীতি পাইতে চাহে ও শুভ কাল দেখিতে ইচ্ছা করে, সে আপন জিহ্বাকে মন্দহইতে ও আপন ওষ্ঠাধরকে প্রবঞ্চনা কথা কহনহইতে রক্ষা করুক. সে কুক্রিয়াহইতে ফিরিয়া যাউক ও সুক্রিয়া করুক; সে শান্তির অনুসন্ধান করুক, ও তাহার পশ্চাতে ধাইয়া যাউক. কেননা যাথার্থিক লোকের উপর প্রভুর দৃষ্টি আছে, এবং তাহারদের প্রার্থনার প্রতি তাঁহার কর্ণ লাগিয়া থাকে; কিন্তু যাহারা কুকর্ম্মকারী তাহারদের বিপক্ষে প্রভুর বদন আছে. আর যদি তোমরা ধর্ম্মের অনুসন্ধানী হও, তবে কেটা তোমারদের অপকার করিবে? কিন্তু যদি তোমরা যাথার্থ্যের কারণ দুঃখ পাও, তবে ধন্য তোমরা. অতএব তাহারদের ভয়েতে ভীত হইও না, এবং ভাবাপন্নও হইও না; কিন্তু আপনারদের অন্তঃকরণে প্রভু ঈশ্বরকে ভয়পাত্র করিয়া জান.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ৫, পদ ১.

ঈশ্বরের বাণী শুনিতে লোক সকল তাঁহার আশপাশে চাপা চাপি করিল. সে কালে তিনি গনেসর ঝিলের পার্শ্বে দাঁড়াইয়া সে ঝিলের কূলে দুইখান নৌকা উপস্থিত দেখিলেন; কিন্তু মাছুয়ারা তাহা ছাড়িয়া গিয়া তাহারদের জাল ধুইতেছিল. অতএব এক নৌকা যে শীমোনের ছিল, তাহাতে চড়িয়া তাহা কাঁথাহইতে কিঞ্চিৎ দূর ঠেলিতে তিনি তাহাকে যাচ্ঞা করিলেন. পরে তিনি বসিয়া নৌকায় থাকিয়া লোকেরদিগকে শিক্ষাইতে লাগিলেন; এবং প্রস্তাব সাঙ্গ করিলে পরে, তিনি শীমোনকে কহিলেন, এখন তোমরা মধ্যে গভীরে গিয়া খেওয়া দিবার নিমিত্তে তোমারদের জাল নামাইয়া দেও. তখন

শীমোন তাঁহাকে উত্তর করিয়া কহিল, হে গুরো, আমরা সমস্ত রাত্রি শ্রম করিয়াছি, কিন্তু কিছু মাত্র পাই নাই; তথাপি আপনকার কথানুসারে আমি জালখান ফেলিব. অতএব তাহা করিলে তাহারা বহুতর মৎস্য ঘেরিয়া লইল; তাহাতে জাল ফাটিতে লাগিল. তখন অন্য নৌকাতে যে সহকারি সকল ছিল, তাহারদিগকে ইহারা আপনারদের সাহায্যেতে আসিবার কারণ ঠার দিল, এবং তাহারা আসিয়া দুই নৌকা ভরিয়া দিল এমত যে তাহা ডুবিতে লাগিল. তখন শীমোন পিতর ইহাই দেখিয়া য়িশুর হাঁটুতে পড়িয়া তাঁহাকে কহিল, হে প্রভো, আমার নিকটহইতে প্রস্থান করুন; কেননা আমি পাপি মানুষ. কেননা খেওয়াতে যে মৎস্য তাহারা ধরিয়াছিল, তাহাতে সে আপনি ও তাহার সমিভ্যারিরা সকলেই চমৎকৃত হইল; এবং জেবদীর পুত্র য়াকুব ও য়োহন যে শীমোনের সহকারী ছিল, তাহারাও সেই মত হইল তখন য়িশু শীমোনকে কহিলেন, ভয় করিও না; এখনহইতে তুমি মনুষ্যেরদিগকে ধরিয়া লইবা. পরে তাহারদের নৌকা কূলে আনিয়া তাহারা সকলকে পরিত্যাগ করিয়া তাঁহার পশ্চাদ্বর্ত্তী হইল.

ত্রোকত্বের পর প্রভুর যষ্ঠ দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তোমাকে যাহারা প্রেম করে, তাহারদের কারণ যে ভাল বস্তু তুমি প্রস্তুত করিয়াছ, সেই বস্তু মনুষ্যেরদের বুদ্ধিহইতে বহির্ভূত হয়; এতদর্থে আমারদের অন্তঃকরণে তোমার প্রতি এমত প্রেম উৎপন্ন করহ, যে আমরা তোমাকে সকল বস্তুহইতে অধিক

প্রেম করিয়া নিজ যাচ্ঞা শক্তিহইতে বহুমূল্য প্রতিজ্ঞা, যাহা আ-মারদিগকে দিয়াছ, আমরা আপনারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা তাহার অধিকারী হই. আমেন.

পত্র. রুমী. পর্ব্ব ৬, পদ ৩.

তোমরা কি জ্ঞান না, যে আমরা যতেক য়িশু খ্রীষ্টেতে বাপ্টাইজিত ছিলাম, তাঁহার মৃত্যুতে আমরা বাপ্টাইজিত ছিলাম? অতএব আমরা বাপ্টিস্মের দ্বারা তাঁহার সহিত কবরে গাড়া গিয়াছি, তাহা-তে যাদৃশ পিতার মহিমায় খ্রীষ্টের মৃত্যুহইতে উত্থান হইয়াছিল, তাদৃশ আমারদের নূতন জীবনরূপ গতি যেন হয়. কেননা যদি তাঁহার মৃত্যুর সদৃশে আমারদের সহরোপণ হয়, তবে তাঁহার পুনরুত্থানের সদৃশেও তদ্রূপ হইবে. ইহাতে আমরা এই জ্ঞাত আছি যে আমারদের পুরাতন মনুষ্য খ্রীষ্টের সহিত ক্রুশে টাঙ্গা গিয়াছে, যেন পাপের দেহ ক্ষীণ হয়, তাহাতে যেন আমরা পাপের দ্বশতাপন্ন আর না থাকি. কেননা যে মৃত হইয়াছে, সে পাপহইতে মুক্ত হইয়াছে. এবং আমারদের প্রত্যয় আছে যে আমরা যদি খ্রীষ্টের সহিত মৃত হই, তবে তাঁহার সহিত আমরা জীবিতও হইব; আর আমরা জানি যে খ্রীষ্ট তিনি মৃত্যুহইতে উত্থিত হইয়া আরবার মরেন না; তাঁহার উপর মৃত্যুর অধিকার আর হয় না. কেননা যখন মরিলেন, তখন তিনি একবার পাপের প্রতি মরিলেন; কিন্তু জীবন্ত হইয়া তিনি ঈশ্বরের প্রতি জীতেছেন. তত্তুল্য তোমরাও পাপের প্রতি মৃত এবং আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারা ঈশ্বরের প্রতি জীবন্ত আপনারদিগকে জ্ঞান করিও.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ৫, পদ ২০.

খ্রিষ্ট আপনার শিষ্যগণেরদিগকে কহিলেন, যে তোমারদের ধর্ম্ম অধ্যাপক ও ফারিসি বর্গের ধর্ম্মহইতে অধিক না হইলে তোমরা কোনক্রমে ঈশ্বরের রাজ্যেতে প্রবেশ করিতে পাইবা না. তোমরা শুনিয়াছ যে পূর্ব্বকার লোকেরদিগকে কহা গিয়াছিল, যে বধ করিও না, আর যে কেহ বধ করে, সে দণ্ডের দায়ী হইবে. কিন্তু আমি তোমারদিগকে কহি, যে কেহ আপনার ভ্রাতার প্রতি অকারণে ক্রুদ্ধ হয়, সেই দণ্ডের দায়ী হইবে; আর যে কেহ আপনার ভাইকে রাকা করিয়া কহিবে, সে মন্ত্রী সভার দায়ী হইবে; কিন্তু যে কেহ কহিবে, তুই বর্ব্বর, সে নরকানলের দায়ী হইবে. অতএব তুমি আপনার নৈবেদ্য যজ্ঞ কুণ্ডের নিকট আনিতে প্রবৃত্ত হইলে যদি সেখানে তোমার স্মরণে পড়ে যে তোমার প্রতি তোমার ভ্রাতার কোন দাওয়া থাকে, তবে সে যজ্ঞ কুণ্ডের অগ্রে তোমার নৈবেদ্য রাখিয়া প্রস্থান কর, এবং প্রথমে তোমার ভ্রাতার সহিত মিলন করহ; তাহার পরে আসিয়া তোমার নৈবেদ্য উৎসর্গ কর. তোমার দাওয়াকারির সহিত শীঘ্র মিলন করহ, যাবৎ তুমি পথের মধ্যে তাহার সঙ্গে আছ, পাছে দাওয়াকারী তোমাকে বিচারকর্ত্তার নিকটে সমর্পণ করে, ও বিচারকর্ত্তা তোমাকে কোটালের স্থানে সোঁপিয়া দেয়, ও তুমি কারাগারেতে ফেলা যাও. সত্য আমি তোমাকে কহি, নিঃশেষ করিয়া এক কপর্দ্দক পর্য্যন্ত পরিশোধ না করিলে তুমি সেখানহইতে কোনক্রমে বাহির আসিতে পাইবা না.

ত্রেকত্বের পর প্রভুর সপ্তম দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিবিশিষ্ট প্রভো, সকল ভাল বস্তুর সৃষ্টিকর্ত্তা ও দাতা, আমারদের অন্তঃকরণে তোমার নামের প্রেম উদ্ভব করহ, এবং আমারদের অন্তরে প্রকৃত ধর্ম্মের বৃদ্ধি করাও, এবং আমারদিগেতে পরমার্থ ভাব সকল জন্মাইয়া আপন অতিশয় দয়ানুক্রমে আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা বাড়াইয়া রক্ষা করহ. আমেন.

পত্র. রুমী. পর্ব্ব ৬, পদ ১৯.

আমি তোমারদের শারীরিক অশক্তির বিষয়ে মনুষ্যের মত কহি. অতএব যেমত তোমরা আপনারদের ইন্দ্রিয়াদিকে অযাথার্থ্যের প্রতি অযাথার্থ্য ও মল ক্রিয়ার সেবক করিয়া সমর্পণ করিয়াছিলা, সেই মত সম্প্রতি তোমরা আপনারদের ইন্দ্রিয়াদিকে পুণ্যের প্রতি যাথার্থ্যের সেবক করিয়া সমর্পণ করহ. কেননা যখন তোমরা পাপের সেবক ছিলা, তখন তোমরা যাথার্থ্য হইতে মুক্ত ছিলা; তবে তোমারদের কি ফল ছিল? এই মত ফল যাহার বিষয়ে তোমরা সম্প্রতি লজ্জিত হইয়াছ; কেননা তাহার শেষ মৃত্যু. কিন্তু এখন পাপহইতে মুক্ত হইয়া ঈশ্বরের সেবক হইলে তোমরা পুণ্যার্থ ফল ধর, এবং তাহার শেষ অনন্ত জীবন. কেননা পাপের বেতন মৃত্যু, কিন্তু আমারদের প্রভু যিশু খ্রীষ্টেতে ঈশ্বরের দান অনন্ত জীবন.

মঙ্গলসমাচার. মার্ক. পর্ব্ব ৮, পদ ১.

সেই সময়ের মধ্যে অতিবড় লোকারণ্য হইলে ও তাহারদের কিছু

খাইবার না থাকাতে খ্রিস্ত আপন শিষ্যেরদিগকে ডাকিয়া তাহারদিগকে কহিলেন, এখন তিন দিবসহইতে লোকারণ্য আমার সঙ্গে থাকিতেছে এবং তাহারদের কিছু খাদ্য দ্রব্য নাই; এই নিমিত্তে আমি তাহারদের উপর সকরুণ হইলাম. আর যদি আমি তাহারদিগকে আপনার ২ ঘরে যাইবার কারণ অনাহারে বিদায় করি, তবে তাহারা পথের মধ্যে ক্লান্ত হইবে; কেননা তাহারদের মধ্যে অনেক লোক দূরহইতে আসিয়াছিল. তখন তাঁহার শিষ্যেরা তাঁহাকে উত্তর করিল, যে প্রান্তরের মধ্যে কোন মনুষ্য কোথাহইতে এ সকলেরদিগকে রুটিতে পরিতৃপ্ত করিতে পারে? তখন তিনি তাহারদিগকে জিজ্ঞাসা করিলেন, যে তোমারদের কাছে কত রুটি আছে? তাহারা কহিলেক, সাতটা. পরে তিনি লোকেরদিগকে ভূমিতে বসিতে আজ্ঞা দিলেন; তাহার পরে সে সাত রুটি লইয়া তিনি স্তব করিলেন, ও ভাঙ্গিলেন, ও তাহারদের অগ্রে রাখিতে আপন শিষ্যেরদিগকে দিলেন, এবং তাহারা লোকেরদের অগ্রে রাখিল. এবং তাহারদের স্থানে কএকটা ছোট ২ মৎস্যও ছিল; ও তিনি স্তব করিয়া তাহাও তাহারদের সম্মুখে রাখিতে আজ্ঞা করিলেন. অতএব তাহারা ভোজন করিয়া তৃপ্ত হইল, এবং তাহার উচ্ছিষ্ট ভগ্ন ভক্ষ্যে তাহারা সাত ডালী সম্পূর্ণ করিয়া উঠাইয়া লইল. এবং যাহারা খাইয়াছিল, তাহারা জন সহস্র চারেক ছিল; পরে তিনি তাহারদিগকে বিদায় করিলেন.

ত্রোকত্বের পর প্রভুর অষ্টম দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তুমি আপন তত্ত্বাবধারণে স্বর্গ ও পৃথিবী এই উভয়েতে সকল বস্তু নিত্য২ গতি করাইতেছ; অতএব আমরা নম্রান্তঃকরণে তোমাকে বিনতি করিতেছি যে যে২ বস্তু সকল আমারদিগের অপকারক হয়, তাহা আমারদিগহইতে দূর করিয়া, যে২ বস্তু আমারদিগের উপকারক হয়, তাহা আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের দ্বারায় আমারদিগকে দেও. আমেন.

পত্র. রুমী. পর্ব্ব ৮, পদ ১২.

হে ভ্রাতারা, আমরা শরীরের প্রতি বদ্ধ নহি যে আমরা শরীরানুসারিক আচরণ করি. কেননা যদি শরীরানুসারেতে আচরণ করহ, তবে তোমরা মরিবাই; কিন্তু যদি আত্মাহইতে শরীরের ক্রিয়া দমন করিয়া রাখ, তবে তোমরা জীয়িবা. কেননা যত লোক ঈশ্বরের আত্মাকরণক আকর্ষিত, তাহারা ঈশ্বরের পুত্র. কেননা তোমরা পুনর্ব্বার শঙ্কা করিতে দাসত্বের মন পাইলা না, কিন্তু তোমরা পোষ্য পুত্রতার মন পাইয়াছ, যাহাহইতে আমরা, আব্বা পিতঃ, করিয়া ডাকি. আত্মা আপনি আমারদের আত্মার সহিত সাক্ষী দেন, যে আমরা ঈশ্বরের সন্তান. আর যদি সন্তান, তবে উত্তরাধিকারী, ঈশ্বরেরই উত্তরাধিকারী, এবং খ্রীষ্টের সহোত্তরাধিকারী; যদি আমরা তাঁহার সঙ্গে দুঃখ ভোগ করি, তাহাতে যেন তাঁহার সঙ্গে বৈভবও প্রাপ্ত হই.

মঙ্গলসমাচার. মাত্তিউ. পর্ব্ব ৭, পদ ১৫

মিথ্যা ভবিষ্যদ্বক্তাগণের প্রতি সাবধান থাক; সে তোমারদের নিকট মেষের পরিচ্ছদে আইসে; কিন্তু আভ্যান্তরে তাহারা গিলন্যা কেঁদুয়া. তাহারদের ফলেতে তোমরা তাহারদিগকে চিনিতে পারিবা. কাঁটাগাছে দ্রাক্ষা ফল, কিম্বা শিয়াল কাঁটাতে আঞ্জীর ফল না কি মনুষ্যেরা পাড়ে? সেইমত প্রত্যেক উত্তম বৃক্ষ উত্তম ফল ফলে, কিন্তু মন্দ বৃক্ষ মন্দ ফল ফলে. ভাল বৃক্ষ মন্দ ফল ফলিতে পারে না, এবং মন্দ বৃক্ষ ভাল ফল ফলিতে পারে না. যে সকল বৃক্ষ উত্তম ফল ফলে না, সে কাটা যায় ও অগ্নিতে ফেলা যায়. অতএব তাহারদের ফলেতে তোমরা তাহারদিগকে জানিবা. আমাকে, প্রভো ২, করিয়া যাহারা কহে, তাহারা প্রত্যেক জন স্বর্গের রাজ্যেতে প্রবেশ করিতে পাইবে না, কিন্তু সেই জন যে আমার স্বর্গস্থ পিতার ইচ্ছা পালন করে.

ত্রেকত্ত্বের পর প্রভুর নবম দিবস.

প্রার্থনা.

হে প্রভো, আমরা তোমাকে বিনতি করিতেছি, যে যাহা প্রকৃত তাহা সর্ব্বদা ভাবিতে ও করিতে আমারদের মনকে প্রবৃত্ত করিয়া আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা এই প্রদান করহ, যে আমরা তোমার অনুগ্রহ ব্যতিরেক কোন ভাল বস্তু করিতে অসমর্থ হইয়াও তোমাহইতে তোমার ইচ্ছানুযায়ি আচরণ করিতে সামর্থ্য পাই. আমেন.

পত্র. ১ করিন্তী. পর্ব্ব ১০, পদ ১.

হে ভ্রাতৃরা, আমার ইচ্ছা এই যে তোমরা এই কথা অজ্ঞাত না থাক যে

আমারদের পিতৃগণ সকলেই মেঘের নীচে ছিলেন ও সকলেই সমু-দ্রের মধ্য দিয়া গমন করিলেন, এবং মেঘেতে ও সমুদ্রেতে সকলেই মোশেতে বাপ্‌টাইজিত হইলেন, এবং একই পারমার্থিক ভক্ষ্য সকলেই খাইলেন, এবং একই পারমার্থিক পেয় সকলেই পান করিলেন; কেননা যে পারমার্থিক শিলাদ্রি তাহারদের পশ্চাদ্বর্ত্তী ছিল, তাহা-হইতেই তাহারা পান করিল; এবং সেই শিলাদ্রি খ্রীষ্ট. তত্রাপি তাহারদের যথেষ্ট জনেতে ঈশ্বরের সন্তোষ ছিল না; কেননা তাহারা মহা প্রান্তরে মারা পড়িল. অতএব এই সকল ঘটনা আমারদের প্রতি দৃষ্টান্ত আছে, যে তাহারা মন্দ বস্তুর প্রতি যাদৃশ লালসা করিল, তাদৃশ আমরা যেন লালসা না করি. আর তোমরা বিগ্রহ পূজকও হইও না, যেমত তাহারদের মধ্যে কতেক লোক ছিল; যেমত লিপি আছে, লোক সকল ভোজন পান করিতে বসিল, তৎপরে ক্রীড়া করিতে উঠিল. এবং আমরা পরদারও যেন না করি, যাদৃশ তাহারা করিল; তাহাতে এক দিবসেতেই সহস্র জন মারা পড়িল. অপর আমরা খ্রীষ্টের পরীক্ষাও যেন না করি, যেমত তাহারদের মধ্যে কতেক পরীক্ষা করিয়া সর্পেতে নষ্ট হইল. এবং তোমরা কচকচও করিও না, যে রূপ তাহারদের মধ্যে কতেক জন কচকচ করিয়া নাশকের দ্বারা নষ্ট হইল. কিন্তু দৃষ্টান্তের কারণ এ সকল তাহারদিগ-কে ঘটিল, এবং আমরা যাহারদের উপর জগতের শেষ কাল আসি-য়াছে, আমারদের চেতনার কারণ তাহা লিপি আছে. অতএব যে জন অনুমান করে যে আপনি স্থির হইয়া থাকিতেছে, সে সাবধান থাকুক, যে পড়ে না. যে২ পরীক্ষা মনুষ্যেরদের মধ্যে সাধারণ হয়, তদ্ব্যতিরেক আর কোন পরীক্ষা তোমারদিগকে ঘটে নাই; এবং

ঈশ্বর বিশ্বাসী আছেন যিনি তোমারদিগকে আপনারদের সাধ্যের অধিকে পরীক্ষিত হইতে দিবেন না, কিন্তু পরীক্ষার সঙ্গে এড়াইবার পথ করিয়া দিবেন, তাহাতে যেন তোমরা সহিষ্ণুতা করিতে পার.

মঙ্গলসমাচার. লুক. পর্ব্ব ১৬, পদ ১.

যিশু আপনার শিষ্যেরদিগকে কহিলেন, এক ধনবানের এক জন পাত্র ছিল, এবং তাহার সম্পত্তি অপব্যয় করার বিষয়ে সেই জন তাহার স্থানে অপবাদিত হইল. পরে সে তাহাকে ডাকিয়া কহিল, এ কি কথা যে তোমার বিষয়ে আমি শুনিতেছি? তোমার কার্য্যের নিকাশ দেও; তুমি পাত্র আর হইতে পারিবা না. তখন সে পাত্র আপন অন্তঃকরণে কহিতে লাগিল, যে কি করিব? কেননা আমার প্রভু আমাকে পাত্রপদ ভ্রষ্ট করেন; খনন করিতে আমার শক্তি নাই, এবং ভিক্ষা করিতে আমার লজ্জা হয়; কি করিব, তাহা এখন স্থির করিলাম; তাহাতে পদচ্যুত হইলে পরে লোকেরা আমাকে আপনারদের ঘরে লইবে. অতএব আপন প্রভুর খাতক প্রত্যেক জনকে ডাকিয়া প্রথমকে কহিল, আমার প্রভুর স্থানে তোমার ধার কত? সে কহিল, শত বাত তৈল. তখন সেই কহিল, তোমার হাত চিঠা লইয়া শীঘ্র বসিয়া, পঞ্চাশ, লেখ. তখন অন্যকে কহিল, তুমিও কত ধার রাখিতেছ? সে বলিল, শত কর গোম. পরে সেই কহিল, তোমার হাত চিঠা লইয়া চারি কুড়ি লেখ. পরে সে অসৎ পাত্রের সুবিবেক ক্রিয়া নিমিত্তে প্রভু তাহার প্রতিষ্ঠা করিল; কেননা এই জগৎ সংসারের সন্তানেরা আপনারদের ব্যাপারে দীপ্তির সন্তানহইতে বুদ্ধিমন্ত আছে. এবং আমি

তোমারদিগকে কহি, অসৎ ধন দিয়া আপনারদের জন্য মিত্র লাভ কর, তাহাতে তোমারদের স্থানচ্যুত হইলে সে যেন তোমারদিগকে নিত্য নিবাসে লয়.

ত্রোকত্বের পর পুভুর দশম দিবস.

হে পুভো, আপনার নমু দাসেরদের প্রার্থনাকে দয়া পূর্ব্বক কর্ণ পাতিয়া শুন, এবং যেন তাহারা আপনারদের যাচিত বস্তু পায়, যাহাতে তুমি সন্তুষ্ট আছ, এই মত বস্তু চাহিতে তাহারদিগকে পুবৃত্ত করাও. আমারদের পুভু য়িশু খ্রীষ্টের দ্বারা এই পুদান করহ. আমেন.

পত্র. ১ করিন্তী. পর্ব্ব ১২, পদ ১.

প্রার্থনা.

হে ভ্রাতৃরা, আত্মিক দানের বিষয়ে তোমারদের অজ্ঞাত থাকা আমার ইচ্ছা নহে. তোমরা জানহ যে তোমরা ভিন্ন লোক হইয়া, যেমন চালিত ছিলা, তেমন গুঙ্গা বিগ্রহের পশ্চাতে চলিতা. অতএব আমি তোমারদিগকে জানাই যে ঈশ্বরের আত্মার কর্তৃক কথ্যমান হইয়া কেহ য়িশুকে শাঁপভ্রষ্ট করিয়া কহে না, এবং ধর্ম্মাত্মা ব্যতিরেক কেহ য়িশু পুভু করিয়া বলিতে পারিবেক না. পরন্তু নানা পুকার দান আছে, কিন্তু একই আত্মা; এবং নানা পুকার সেবা আছে, কিন্তু একই পুভু; আর ভিন্ন পুকার কর্ম্ম আছে, কিন্তু একই ঈশ্বর, যিনি সকলেতে সকল করিতেছেন. কিন্তু হিত সাধিবার কারণ আত্মার পকাশ পুত্যেক জনকে দেওয়া যাইতেছে. কেননা আত্মাহইতে এক জনকে বিদ্যার কথা দেওয়া যায়, অন্যকে সেই

আত্মাহইতে জ্ঞানের কথা, অন্যকে সেই আত্মাহইতে পুত্যয়, অন্যকে সেই আত্মাহইতে স্বাস্থ্য দেওয়া, অন্যকে আশ্চর্য্য কর্ম্ম করা, অন্যকে ভবিষ্যদ্বাণী কহা, অন্যকে আত্মার ঠাহর করা, অন্যকে নানা পুকার ভাষা কহা, অনাকে তাষার অর্থ দেওয়া. কিন্তু সেই এক আত্মা আপনি আপন অভিমতক্রমে পুত্যেক জনকে অংশাংশি করিয়া দিয়া এই সকল সাধিতেছেন.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১৯, পদ ৪১.

পরে সন্নিকট আসিয়া তিনি নগরের পুতি অবলোকন করিয়া তাহার কারণ ক্রন্দন করিতে লাগিলেন; কহিলেন, হায়, তোমার কুশলের বিষয় এই তোমার সময়ে তুমি, বরঞ্চ তুমিই যদিতু জানিতা! কিন্তু এখন তোমার চক্ষুহইতে তাহা গুপ্ত আছে. কেননা এমন দিবস তোমার উপর আসিয়া ঘটিবে যে তোমার শত্রুবর্গ তোমার চতুষ্পার্শ্বে গড়খাই করিবে, ও তোমাকে ঘেরিয়া লইবে, এবং সকল দিকে তোমাকে বদ্ধ করিবে, এবং তোমার মধ্যস্থ শিশুগণের সঙ্গে তোমা-কে ভূমির সমান পাতিয়া দিবে; এবং অন্য পাতরের উপর একখান পাতরও তোমাতে রাখিয়া দিবেক না; কি নিমিত্তে না? তুমি আপন দর্শন সময় জানিলা না. পরে তিনি মন্দিরে গেলেন, এবং তাহা-তে যে সকল ক্রয় বিক্রয় করিতেছিল, তাহারদিগকে তিনি বাহির করিতে লাগিলেন ও কহিলেন, লিপি আছে যে আমার ঘর প্রার্থনার ঘর আছে, কিন্তু তাহা তোমরা চোরের গহ্বর করিয়া দিয়াছ. পরে তিনি পুত্যহ মন্দিরে শিক্ষা করাইলেন.

ত্র্যেকত্বের পর প্রভুর একাদশ দিবস.

প্রার্থনা.

হে পরমেশ্বর, তুমি দয়া ও কৃপা করিবাতে বিশেষ রূপে আপন সর্ব্বশক্তিযুক্ত পরাক্রম প্রকাশ করিতেছ; অতএব দয়া পূর্ব্বক আপন অনুগ্রহকে এমত বাহুল্যরূপে আমারদিগকে প্রদান করহ, যে তোমার আজ্ঞার পথে দৌড়িয়া, যে ভাল বস্তু দিতে তুমি অনুগ্রহ পূর্ব্বক প্রতিজ্ঞা করিয়াছ, তাহা পাইয়া আমারদের প্রভু যিশু খ্রীষ্টের দ্বারা তোমার স্বর্গস্থ ধনের সহভাগী হই. আমেন.

পত্র. ১ করিন্তী. পর্ব্ব ১৫, পদ ১.

হে ভ্রাতৃরা, আমি তোমারদিগকে সেই মঙ্গলসমাচার জানাইয়া দি, যাহা আমি তোমারদের নিকটে প্রচার করিয়াছিলাম, ও যাহা তোমরা গ্রহণও করিলা, ও যাহাতে তোমরা স্থির থাকহ, এবং যাহাতে তোমরা নিরর্থক প্রত্যয় না করিলে তোমারদের পরিত্রাণও হয়, যদি তোমরা সে আনন্দ বার্ত্তা ধরিয়া রাখ যে আমি তোমারদিগকে শুনাইলাম. অতএব যাহা আমিও পাইয়াছিলাম, তাহা আমি তোমারদিগকে প্রথমে সোঁপিয়া দিলাম, যে খ্রীষ্ট তিনি গ্রন্থানুসারে আমারদের পাপের কারণ মরিলেন, এবং যে তিনি গাড়া গেলেন, এবং যে তৃতীয় দিবসে তিনি গ্রন্থানুসারে পুনরায় উঠিলেন; এবং যে তিনি কেফার স্থানে দেখা দিলেন, তাহার পরে দ্বাদশ জনের স্থানে দৃষ্ট হইলেন, তৎপরে পাঁচ শতাধিক ভ্রাতৃগণ একইবারে তাঁহার দেখা পাইল; তাহারদের মধ্যে কতেক জন নিদ্রায় পড়িয়াছে; কিন্তু অধিকাংশ অদ্যাবধি বর্ত্তমান আছে. অনন্তর তিনি

য়াকুবের ঠাঁই, ও তাহার পরে সকল প্রেরিতগণের ঠাঁই দৃষ্ট হইলেন; কিন্তু অসময় জাতের ন্যায় যে আমি আমার স্থানে তিনি সকলের শেষে দেখা দিলেন; কেননা আমি প্রেরিতগণের মধ্যে সকলের লঘু, যে প্রেরিত নামের যোগ্য নহি, কেননা আমি ঈশ্বরের মণ্ডলীকে তাড়না করিয়াছিলাম. কিন্তু ঈশ্বরের অনুগ্রহেতে যে আছি, সেই আছি, এবং আমার প্রতি তাঁহার অনুগ্রহ বৃথা হইল না; কিন্তু সে সকল-হইতে আমি বাহুল্যমত শ্রম করিলাম; তথাচ সে আমি নহি, কিন্তু ঈশ্বরের অনুগ্রহ, যে আমার সহিত ছিল. অতএব আমি কিম্বা তাহারা, ইহার মধ্যে যে হউক, এই মত আমরা প্রচার করি, ও তোমরা সেই মত প্রত্যয় করিলা.

মঙ্গলসমাচার. লুক. পর্ব্ব ১৮, পদ ৯.

কতেক যে আপনারদিগকে যাথার্থিক জানিয়া আপনারদিগেতে ভরসা রাখিল ও অন্যেরদিগকে তুচ্ছ করিল, তাহারদিগকে য়িশু এই দৃষ্টান্ত করিলেন, দুই মনুষ্য প্রার্থনার কারণ মন্দিরে গেল, এক জন ফারিসী, অন্যটা পাটওয়ারী. সে ফারিসী এক ভিতে দাঁড়াইয়া এই মত প্রার্থনা করিতে লাগিল, যে হে ঈশ্বর, আমি তোমাকে স্তব করি, যে আমি অন্য মনুষ্যেরদের মত লুট্যারা অন্যায়ী পারদারী কিম্বা ঐ যে পাটওয়া-রির তুল্য নহি. আমি সপ্তাহের মধ্যে দুইবার উপবাস করিতেছি, এবং আমার সমস্ত সম্পদের দশমাংশ দিতেছি. কিন্তু সে পাটওয়ারী দূরে দাঁড়াইয়া স্বর্গের পানে আপন চক্ষুও উঠাইতে না পারিল; বুকে ঘা মারিয়া বলিল, হে ঈশ্বর, আমি যে পাপি মনুষ্য, আমাকে কৃপা করুন. আমি তোমারদিগকে কহি, যে অন্য জনহইতে বরং এই মনুষ্য

আপন ঘরে নির্দ্দোষী হইয়া চলিয়া গেল; কেননা যে কেহ আপন গৌরব করে, সে লঘু করা যাইবে, কিন্তু যে আপনাকে লঘু করিয়া মানে, সে গৌরব পাইবে.

ত্রোকত্বের পর প্রভুর দ্বাদশ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও আদ্যন্তরহিত ঈশ্বর, তোমার কাছে প্রার্থনা করিতে আমারদের উদ্যত হওয়া অপেক্ষা তুমি আমারদের প্রার্থনা শুনিতে সর্ব্বদা প্রস্তুত আছ, এবং আমারদের ইচ্ছা করা ও গ্রহণ করিবার যোগ্য হওয়াহইতে অধিক দিতে তোমার রীতি আছে. এতদর্থে আপন দয়া বাহুল্য রূপে আমারদের উপর ঢালিয়া দিয়া, যাহার কারণ আমারদের মন ভীত আছে, তাহা ক্ষমা করহ; এবং যে ভাল বস্তু যাচ্ঞা করিতে তোমার পুত্র আপনারদের প্রভু যিশু খ্রীষ্টের পুণ্য ও মধ্যস্থ হওয়া ব্যতিরেকে আমরা যোগ্য নহি, সে বস্তু আমারদিগকে প্রদান করহ. আমেন.

পত্র ২ করিন্থী. পর্ব্ব ৩, পদ ৪.

আমরা খ্রীষ্ট দ্বারা এমত দৃঢ় বিশ্বাস ঈশ্বরের প্রতি রাখি যে আপনারদিগহইতে তেমন কিছু চিন্তা করিতে আমারদের স্বয়ং যোগ্যতা আছে, তাহা নহে, কিন্তু ঈশ্বরহইতে আমারদের যোগ্যতা হয়, যিনি আমারদিগকে নূতন নিয়মের ক্ষমতাপন্ন সেবকও করিয়া দিয়াছেন, অক্ষরের নহে, কিন্তু আত্মার; কেননা অক্ষর বধ করে, কিন্তু আত্মা জীবনদান করে. আর যদি অক্ষরযুক্ত পাষাণে খোদিত মৃত্যুকারি সেবা তেজোময়ী ছিল, এমত যে মোশের বদনের তেজো নিমিত্তে ইস্রায়েল-

লের সন্তানেরা তাঁহার মুখ প্রতি স্থির দৃষ্টি করিতে পারিল না, তথাচ সে তেজের লোপ হইয়াছিল, তবে আত্মার সেবা কতোধিকে তেজোময়ী হইবে? কেননা যদি দোষ বর্ত্তাইবার সেবা তেজোময়ী হয়, তবে যাথার্থ্যের সাধনার্থ সেবা কতোধিক তেজোময়ী হইবে? কেননা সেই প্রবল তেজের নিমিত্তে যাহা তেজস্কৃত হইয়াছিল, তাহার তেজ এ বিষয়েতে নাস্তি.

মঙ্গলসমাচার. মার্ক. পর্ব্ব ৭, পদ ৩১.

য়িশু সোর ও সীদনের অঞ্চলহইতে পুনশ্চ প্রস্থান করিয়া দেকাপলিসের অঞ্চলের মধ্য দিয়া গালিলির সাগরে আগমন করিলেন. এবং লোকেরা এক জন বধির যে জড়িত বাক্য ছিল তাহাকে তাঁহার নিকটে আনিয়া তাহার উপর হাত দিতে তাঁহাকে বিনতি করিল. তখন তিনি লোকারণ্যহইতে তাহাকে এক ভিতে লইয়া গিয়া আপনার অঙ্গুলী তাহার কর্ণে দিলেন, এবং থুক দিয়া তাহার জিহ্বা স্পর্শ করিলেন. পরে স্বর্গের পানে চাহিয়া তিনি দীর্ঘশ্বাস ছাড়িয়া তাহাকে কহিলেন, এফাতা, অর্থাৎ খুলিয়া যাউক. এবং তৎক্ষণাৎ তাহার কর্ণ খুলিয়া গেল, ও তাহার জিহ্বার বন্ধন খসিয়া গেল, এবং সে সুস্পষ্ট রূপে বলিতে লাগিল. তখন তিনি তাহারদিগকে নিষেধ করিলেন, যে তাহারা কাহাকেও যেন কহিয়া দেয় না; কিন্তু যত তিনি তাহারদিগকে নিষেধ করিয়াছিলেন, ততোধিকে তাহারা ব্যাপক রূপে তাহা প্রচার করিলেক, এবং অপরিমাণ রূপে চমৎকৃত হইয়া কহিলেক, তিনি সকল কর্ম্ম বিলক্ষণ রূপে করেন; তিনি বধিরকে শুনাইয়া দেন, এবং গুঙ্গাকেও কহাইয়া দেন.

ত্রেকত্বের পর প্রভুর ত্রয়োদশ দিবস.

প্রার্থনা.

হে সর্ব্বশক্তিমান্ ও দয়াময় ঈশ্বর, তোমার অনুগ্রহ মাত্রেই তোমার বিশ্বাসি লোকেরা প্রকৃত ও গ্রাহ্য রূপে তোমার সেবা করিতে পারে; এতদর্থে আমরা তোমাকে বিনতি করিতেছি, যে এই প্রদান করহ, যে আমরা ইহলোকে বিশ্বাসি রূপে তোমার সেবা করিয়া, তুমি যে স্বর্গস্থ বরদানের প্রতিজ্ঞা করিরাছ, তাহা শেষে আমারদের প্রভু য়িশু খ্রীষ্টের পুণ্যের দ্বারা নিশ্চয় রূপে পাই. আমেন.

পত্র. গালাতী. পর্ব্ব ৩, পদ ১৬.

অঙ্গীকার সকল অবরাহাম ও তাহার সন্তানকে করা গিয়াছিল. তিনি এই কথাও সন্তানেরদিগকে কহেন না যাহাতে অনেকের বোধ হয়, কিন্তু তোমার সন্তানকে যাহাতে এক জনের বোধ হয়; সে কে না খ্রীষ্ট. এবং ইহা আমি কহি, খ্রীষ্টের বিষয়ে যে নিয়ম ঈশ্বর পূর্ব্বে দৃঢ় স্থির করিয়াছিলেন, তাহাকে যে ব্যবস্থা চারি শত ত্রিশ বৎসর পশ্চাৎ হইয়াছে, সে নিবৃত্ত করিতে পারে না, যে তাহাতে অঙ্গীকারটা নিষ্ফল হয়. কেননা যদি অধিকারটা ব্যবস্থাহইতে হয়, তবে সে অঙ্গীকারহইতে আর হয় না; কিন্তু ঈশ্বর তাহাকে অঙ্গীকার পূর্ব্বক অবরাহামকে দিলেন. তবে ব্যবস্থার প্রয়োজন কি? তাহা অপরাধের কারণ বাড়া দেওয়া গেল, যাবৎ সে বংশ না আইসে যাঁহাকে অঙ্গীকার করা গিয়াছিল, এবং দূতগণের দ্বারা এক মধ্যস্থের হাতে নিয়োজিত ছিল. তবু মধ্যস্থ যে সে একের প্রতি হয় না, কিন্তু ঈশ্বর এক আছেন. তবে কি ব্যবস্থাটা ঈশ্বরের অঙ্গীকারের

বিরুদ্ধে আছে? এমত যেন না হয়. কেননা যদি জীবন দান করিবার সাধ্যযুক্ত কোন ব্যবস্থা দেওয়া যাইত, তবে অবশ্য ব্যবস্থার দ্বারাতেই যাথার্থ্য হইত. কিন্তু গ্রন্থ সকলেরদিগকে পাপের বশে বদ্ধ করিয়াছে, তাহাতে যে অঙ্গীকার য়িশু খ্রীষ্টেতে বিশ্বাস দ্বারাতে হয়, তাহা যেন বৈশ্বাসিক জনেরদিগকে দেওয়া যায়.

মঙ্গলসমাচার. লূক. পর্ব্ব ১০, পদ ২৩.

যে সকল তোমরা দেখিতে পাও, তাহা যে চক্ষু দেখে, সে ধন্য. কেননা আমি তোমারদিগকে কহি, যে২ সকল তোমরা দেখিতেছ, তাহা অনেক ভবিষ্যদ্বক্তা ও রাজগণ দেখিতে ইচ্ছা করিল, কিন্তু দেখিতে পাইল না, এবং যে সকল কথা তোমরা শুনিতেছ, তাহা শ্রবণ করিতে ইচ্ছা করিল, কিন্তু তাহার শ্রুতি পাইল না. অনন্তরে দেখ একটা অধ্যাপক দাঁড়াইয়া তাহার পরীক্ষা করিয়া কহিল, হে প্রভো, আমার অনন্ত জীবনাধিকার হইতে আমাকে কি করিতে হইবে? তিনি কহিলেন, ব্যবস্থায় কি লেখা আছে? তুমি কেমন পাঠ করহ? সে উত্তর দিয়া কহিল, তোমার সমস্ত চিত্তে ও সমস্ত প্রাণে ও সমস্ত সাধ্যে এবং সমস্ত অন্তঃকরণে প্রভু আপন ঈশ্বরকে প্রেম করিবা, এবং তোমার পড়সীকে আপনার তুল্য. তখন তিনি কহিলেন, তোমার উত্তর যথার্থ বটে; এই মত কর, তবেই বাঁচিবা. কিন্তু সে আপনার ধর্ম্ম স্থির করিতে ইচ্ছা করিয়া য়িশুকে কহিল, আমার পড়সী কেবা? য়িশু প্রত্যুত্তর করিয়া কহিতে লাগিলেন, এক মনুষ্য য়িরোশলমহই-তে য়িরিখোতে যাইতে২ ডাকাইত লোকের মধ্যে পড়িলে সে সকল তাহার বস্ত্র খসাইয়া লইয়া তাহাকে ঘা মারিয়া অর্দ্ধমৃত ছাড়িয়া